মিউসিলেগো একেসিয়া : ... ... ৫ আং।
একোয়া ক্যাম্ফোরি : ... .. ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩।৪ বার।

প্রবল কাশী রোগের আয়াস নিবারণ জন্য উপকারী।

নং ৩৭৫।

ভাইনম ইপিকাক : ... ... ৩০ বিন্দু।
নাইট্রিক ইথার : ... ... ১ ড্রাম।
সিরাপস পাপেবরিস : ... ... ১ ড্রাম।
,, টোলু : ... ... ২ ড্রাম।
জল : ... ... ৬ ড্রাম।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩।৪ বার।

১৩।১৪ মাসের শিশুদের কাশী রোগে প্রযোজ্য।

নং ৩৭৬।

টিং ক্যাম্ফোরি কম : .. ... ২ ড্রাম।
ভাইনম ইপিকাক : ... ... ১ ড্রাম।
মধু : ... ... ২ ড্রাম।
জল : ... ... ৩ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩।৪ বার :

৭।৮ বৎসরের বালক বালিকাদের শ্লেষ্মাযুক্ত কাশী রোগে প্রযোজ্য।

নং ৩৭৭।

ভিন্সাই সালফাস : ... ... ১৮ গ্রেণ।

সিরাপস্ সিলা : ... .. ৩ ড্রাম।

টিং ক্যাম্ফোরি কম : .. ... ২ ড্রাম।

ইন্‌ফিউ : বেলিরিয়ানি : ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২অংশ হইবে। মাত্রা ১অংশ ৫।৬ ঘণ্টান্তর।

যদি ৮।৯ বৎসরের বালক বালিকাদের আক্ষেপ জনক হুপিংকাশের ন্যায় কাশী হইয়া থাকে এবং শ্লেষ্মাও তরল থাকে তবে প্রযোজ্য।

নং ৩৭৮।

মর্ফি হাইড্রোক্লোরেটিস : .. ... ১॥০ গ্রেণ।

টিং সিলা : ... ... ১॥০ ড্রাম।

সিরাপ্‌স টোলু :... ... ... ৩ ড্রাম।

একোয়া ক্যাম্ফোরি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩।৪ বার।

আক্ষেপ জনক কাশী রোগে শ্লেষ্মা নির্গত হইতে ক্লেশ বোধ হইলে দেওয়া যায়।

নং ৩৭৯।

পাইল্যুলা সিলি কম : ... ... ৩০ গ্রেণ।

পল্ব : ইপিকাক : ... ... ১৫ গ্রেণ।

এক্সট্রাক্ট হাইওসায়েমাই : ... ২০ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ১২বটিকা হইবে। মাত্রা ১বটিকা দিবসে ৩ বার।

বিবিধ কাশী রোগে প্রযোজ্য।

নং ৩৮০।

ই : এমোনি : এরোম :	...	...	২ ড্রাম।
টিং সেনিগি :	...	...	৩ ড্রাম।
টিং ক্যাম্ফোরি কম :	...	...	২ ড্রাম।
ব্রাণ্ডী নং ১	...	...	১ আং।
কর্পূরোদক :	...	...	৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৮ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩ বার।

ব্রনকাইটিস ও নিউমোনিয়া রোগে দুর্ব্বলাবস্থায় শ্লেষ্মা তরল ও কাশার আয়াস নিবারণার্থ বিশেষ ফলপ্রদ।

নং ৩৮১।

পটাশি আইওডিডাই :	...	...	৪০ গ্রেণ।
,, বাইকার্ব্বনাস :	...	...	১॥০ ড্রাম।
টিং ক্যাম্ফোরি কম :	...	...	৩ ড্রাম।
ভাইনম ইপিকাক :	...	...	৪৫ বিন্দু।
ক্লোরিক ইথার :	...	...	১॥০ ড্রাম।
জল	...	...	৯ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৯ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

পুরাতন নিউমোনিয়া ও যক্ষ্মা জনিত বিবিধ পুরাতন শুষ্ক ও আক্ষেপজনক কাশী রোগে প্রয়োগ বিধেয়।

নং ৩৮২।

পটাশি বাইকার্ব্বনাস :	...	...	১॥০ ড্রাম।
টিং হেনবেন।	...	...	১॥০ ড্রাম।

টিং সিলি : ... ... ১।।০ ড্রাম।
টিং ডিজিটেলিস : ... ... ১।।০ ড্রাম।
জল ... ... ৫।।০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

বিবিধ পীড়ায় শুষ্ক কাশী রোগবশতঃ রক্ত নির্গত হইলে বিশেষ ফলপ্রদ।

নং ৩৮৩।

এমোনিয়া কার্ব্বনাস্ : ... ... ৩০ গ্রেণ।
টিং সেনিগি : ... ... ২ ড্রাম।
টিং সিলি : ... ... ১ ড্রাম।
কর্পূরোদক : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩।৪ ঘণ্টা অন্তর সেব্য।

নিউমোনিয়া রোগের তৃতীয় অবস্থায় কাশীর আয়াস নিবারণ ও শ্লেষ্মা নিঃসরণ হইয়া বিশেষ উপকার দর্শে।

নং ৩৮৪।

এমোনি কার্ব্বনাস : ... ... ৬ গ্রেণ।
টিং সেনিগি : ... ... ১ ড্রাম।
টিং সিলি : ... ... ৩০ বিন্দু।
ভাইনম ইপিকাক : ... ... ২ বিন্দু।
কর্পূরোদক : ... ... ৩ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

৪।৫ বৎসর বয়স্ক বালক বালিকাদের ব্রনকাইটিস বশতঃ কাশী রোগে বিশেষ উপকারী।

নং ৩৮৫।

এমনি কার্ব্বনাস : ... ... ২০ গ্রেণ।
পটাশি ব্রোমাইড : ... ... ১ ড্রাম।
টিং সেনিগি : ... ... ২ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

পুরাতন নিউমোনিয়া রোগে কাশীর আয়াস নিবারণ ও শ্লেষ্মা নিঃসরণ জন্য বিশেষ ফলপ্রদ।

নং ৩৮৬।

পটাশি ক্লোরাস : ... ... ৩০ গ্রেণ।
" ব্রোমাইড : ... ... ১ ড্রাম।
ভাইনম এণ্টিমনিয়ালি : ... ... ১৫ বিন্দু।
টিং ক্যাম্ফোরি কম : ... .. ২ ড্রাম।
সিরপ : সিলি : ... ... ৩ ড্রাম।
ইন্‌ফিউ : সেনিগি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

বিবিধ পুরাতন আক্ষেপ জনক কাশী ও শ্লেষ্মা নিঃসরণ জন্য প্রযোজ্য।

নং ৩৮৭।

সোডি বাই কার্ব্বন : ... ... ১ ড্রাম।
ই : নাইট্রিক ইথার : ... ... ২ ড্রাম।
টিং ওপিয়াই : ... ... ১ ড্রাম।
ভাইনম ইপিকাক : ... ... ৬ ড্রাম।

সিরপস সিম্পেল : ... ... ৪ ড্রাম।
একোয়া এনিথাই : ... ... ১ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

ব্রনকাইটিস জনিত বিবিধ শুষ্ককাশী রোগে শ্লেষ্মা নিঃসরণ ও কাশীর আয়াস নিবারণ হইয়া উপকার দর্শে।

নং ৩৮৮।

এমোনিয়া কার্ব্বনাস : ... ... ১২ গ্রেণ।
টিং সেনিগি : ... ... ২ ড্রাম।
ডিকক্ট : সিঙ্কোনি : ... ... ৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

পুরাতন ব্রনকাইটিস জনিত কাশী রোগে প্রযোজ্য।

নং ৩৮৯।

পটাশি বাইকার্ব্বন : ... ... ৩০ গ্রেণ।
,, আইওডিডাই : ... ... ৩০ গ্রেণ।
ভাইনম এণ্টিমনি : ... ... ৩০ বিন্দু।
ক্লোরিক ইথার : ... ... ১ ড্রাম।
টিং হেনবেন : ... ... ৪০ বিন্দু।
কর্পূরোদক : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

পুরাতন উপদংশ রোগ বর্ত্তমানে কাশী হইলে প্রযোজ্য।

নং ৩৯০।

পটাসি আইওডিড : ... ... ১৮ গ্রেণ।
,, বাইকার্ব্বনাস : ... ... ৩০ গ্রেণ।
ভাইনম ইপিকাক : ... ... ৩০ বিন্দু।
টিং ক্যাম্ফরি কম : ... ... ১॥০ ড্রাম।
একোয়া ক্যাম্ফরি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

পুরাতন নিউমোনিয়া রোগ জনিত কাশী রোগে প্রযোজ্য।

নং ৩৯১।

এক্সাক্ট অব লিকারিস : ... ... ২০ গ্রেণ।

এই সমস্ত ৪ বটিকা হইবে। দিবসে ২ বার।

সামান্য কাশী রোগে প্রযোজ্য।

স্বেদ-জনক, মূত্রকারক, শৈত্যকারক, পিপাসা-নিবারক ও প্রদাহ-নাশক ঔষধাবলী।

নং ৩৯২।

লাইকার এমোনি : এসিটেটিস : ... ৬ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ২ ড্রাম।
পটাশি নাইট্রাস : ... ... ৪০ গ্রেণ।
একোয়া ক্যাম্ফরি : ... ... ৩ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরের সময় ১ প্রহর অন্তর।

অন্ত্র পরিষ্কার করণান্তর তরুণ জ্বরকালীন নাড়ীর পুষ্টি সহ পিপাসা, দাহ ও গাত্রদাহ সত্ত্বে প্রযোজ্য।

নং ৩৯৩।

লাইকার এমোনি : এসিটেটিস :	...		৪ ড্রাম।
নাইট্রিক ইথার :	..	...	২ ড্রাম।
পটাশি নাইট্রাস :	...	...	৩০ গ্রেণ।
,, ক্লোরাস :	...	...	২০ গ্রেণ।
ভাইনাম ইপিকাক :		...	৪০ বিন্দু।
টিং হেনবেন :	...	...	১৷৹ ড্রাম।
একোয়া ক্যাম্ফরি :	...	...	৩ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালীন নাড়ীর পুষ্টি সহ সামান্য কাশী, মস্তক-বেদনা, পিপাসা, জিহ্বা অপরিষ্কার ও গাত্র-জ্বালা থাকিলে দেওয়া যায়।

নং ৩৯৪।

লাইকার এমোনি এসিটেটিস :		...	৪ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	২ ড্রাম।
পটাশি নাইট্রাস :	..	...	৩০ গ্রেণ।
ম্যাগ্নিসি সালফাস :	...	...	৪৷৶ ড্রাম।
টিং হাইওসায়েমাই :	...	...	১ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৩৷৹ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। জ্বরকালীন ৩ ঘণ্টান্তর।

বিরেচক ঔষধ সেবনে যদি মল পরিষ্কার না হইয়া পুনরায় কম্প দিয়া জ্বর আইসে ও আনুষঙ্গিক পিপাসা,দাহ আদি বর্ত্তমান থাকে তবে প্রয়োগ বিধি।

নং ৩৯৫।

লাইকার এমোনিয়া এসিটেটিস :	...	৬ ড্রাম।
নাইট্রিক ইথার :	... ...	৩ ড্রাম।
ভাইনম ইপিকাক :	... ...	১ ড্রাম।
টিং হেনবেন :	... ...	২ ড্রাম।
ইনফিউ : সিঙ্কোনি :	... ...	৪॥০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালীন ৩ ঘণ্টান্তর।

ফুসফুস প্রদাহ (নিউমোনিয়া) প্রভৃতি জন্য জ্বর ও শুষ্ক কাশী সত্ত্বে দেয়; এভিন্ন অন্যান্য জ্বরে অবস্থানুসারে দেওয়া বিধেয়।

নং ৩৯৬।

লাইকার এমোনি এসিটেটিস :	...	১॥০ আং।
নাইট্রিক ইথার :	... ...	২ ড্রাম।
ভাইনাম ইপিকাক :	... ...	১ ড্রাম।
টিং ক্যাম্ফোরি কম :	... ...	২ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি	... ...	৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরের সময় ৩ ঘণ্টান্তর।

নিউমোনিয়া ও ব্রনকাইটিস প্রভৃতি জ্বরে শুষ্ক কাশী গাত্র জ্বালা দাহ ইত্যাদি সত্ত্বে প্রযোজ্য।

নং ৩৯৭।

লাইকার এমোনি এসিটেটিস :	...	...	১॥০ আং।
নাইট্রিক ইথার :	...	...	২ ড্রাম।
টিং ক্যাম্ফোরি কম :	...	...	১॥০ ড্রাম।
ই : এমোনিয়া এরোম :	...	...	১॥০ ড্রাম।
ব্রাণ্ডি ১ নং	...	...	৬ ড্রাম।
ডিকক্ট : সিঙ্কোনি :	..	...	৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ জ্বর কালীন ৩ ঘণ্টান্তর।

ম্যালেরিয়া জনিত প্লীহা ও যকৃৎ বৃদ্ধি বর্ত্তমানে নিউমোনিয়ার ২য় অবস্থা কালীন জ্বর কাশী ও নিস্তেজ অবস্থায় বিশেষ উপকারী।

নং ৩৯৮।

পটাশি এসিটাস :	...	...	১ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
টিং ফেরি পার্ক্লোরিডাই :	...	...	১ ড্রাম।
ইন্‌ফিউ : বুকু :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

শোথ ও উদরী রোগে অবস্থানুসারে সেব্য।

নং ৩৯৯।

পটাশি এসিটাস :	...	...	১ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	..	৩ ড্রাম।
টিং ফেরি পার্ক্লোরিডাই :		...	১ ড্রাম।
ইন্‌ফিউ : ক্যালম্বি :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

উদরী রোগে প্রযোজ্য।

নং ৪০০।

এসিড : নাই : মিউ : ডিল : ... ১ ড্রাম।
নাইট্রিক ইথার ... .. ২ ড্রাম।
এক্স : ট্যারাক্সেসাই : ... ... ১ ড্রাম।
টিং সিঙ্কোনি কম : ... .. ৩ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

জ্বর কালীন সেব্য। ম্যালেরিয়া বশতঃ পুরাতন প্লীহা ও বিবৃদ্ধ যকৃৎ বর্ত্তমানে জ্বর ও দুর্ব্বলতায় প্রযোজ্য।

নং ৪০১।

পটাশি এসিটাস : ... .. ২ ড্রাম।
নাইট্রিক ইথার : ... .. ৩ ড্রাম।
টিং ডিজিটেলিস : ... ... ১ ড্রাম।
ইন্‌ফিউ : বুকু : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩ বার।

হৃৎপিণ্ডের ক্রিয়া বিকার জন্য শোথ উদরী সত্ত্বে প্রযোজ্য।

নং ৪০২।

ক্রেমি পটাশি টার্ট্রাস : ... ... ৩০ গ্রেণ।
পটাস এসিটাস : ... ... ৬০ গ্রেণ।

নাইট্রিক ইথার : ... ... ১ ড্রাম।

ইন্‌ফিউ : সিঙ্কোনি : ... .. ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

উদরী রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

নং ৪০৩।

নাইট্রিক ইথার : ... .. ২ ড্রাম।

টিং ডিজিটেলিস : .. ... ১ ড্রাম।

টিং পারক্লোরিডাই : ... ... ১ ড্রাম।

ইন্‌ফিউ : কোয়াসি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

হৃৎপিণ্ডের ক্রিয়া বিকার জনিত শোথ ও উদরী রোগে প্রযোজ্য।

নং ৪০৪।

নাইট্রিক ইথার : ... ... ২ ড্রাম।

টিং ডিজিটেলিস : .. ... ১ ড্রাম।

টিং সিলি : ... ... ১॥০ ড্রাম।

পটাস এসিটাস : ... ... ২ ড্রাম।

জল ... ... ৫।৷০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

শোথ ও উদরী রোগে প্রযোজ্য এবং বিসূচিকা রোগে মূত্র করণ অবস্থানুসারে দেওয়া যাইতে পারে।

নং ৪০৫।

লাইক'র এমোনিয়া এসিটাস :	...	...	৯ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	১॥০ ড্রাম।
টিং হাইওসায়েমাই :	...	...	১॥০ ড্রাম।
টিং সিঙ্কোনি কম :	...	...	২ ড্রাম।
টিং কার্ডেমোমাই কম :	...	—	২ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৪ আং।

এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরের সময় ৩ ঘণ্টান্তর।

স্বল্প বিরাম জ্বরে অন্ত্র পরিষ্কার সত্ত্বে ও ৭।৮ দিবস জ্বর স্থায়ী থাকে ও তৎকালীন গাত্র জ্বালা, মস্তক বেদনা ও দৌর্ব্বল্য ইত্যাদি বর্ত্তমানে ব্যবস্থেয়।

নং ৪০৬।

পটাসি বাই কার্ব্বনাস :	...	..	১ ড্রাম।
,, নাইট্রাস :	...	...	১ ড্রাম।
,, এসিটাস :	..	..	১ ড্রাম।
সিরপস লিমোনিস :	...	...	৩ ড্রাম।
জল ..	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালীন ৪ ঘণ্টান্তর।

সবিরাম বা স্বল্পবিরাম তরুণজ্বরে নাড়ী পুষ্ট থাকিলে এবং পিপাসা দাহ গাত্র জ্বালা ইত্যাদি বর্ত্তমানে প্রযোজ্য। তদ্ভিন্ন পেশী ও অন্য অন্য বাত রোগে দেওয়া যাইতে পারে।

নং ৪০৭।

পটাসি সাইট্রাস :	...	...	৩০ গ্রেণ।
এসিড সাইট্রিক :	...	...	১ ড্রাম।
টিং কার্ডেমোমাই কম :	...	...	৩ ড্রাম।
টিং বেলাডোনি :	...	...	৩০ বিন্দু।
লিমোনেড :	...	..	১ আং।
একোয়া মেন্থি পিপ :	..	...	৩ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরের সময় ৩ ঘণ্টান্তর।

অবিরাম জ্বরে ভ্রূ স্থানে অতিশয় বেদনা চক্ষু জ্বালা, পিপাসা, গাত্র জ্বালা ইত্যাদি বর্ত্তমানে বিশেষ ফলপ্রদ। এতিভন্ন অন্যান্য জ্বরে অবস্থানুসারে দেওয়া যাইতে পারে।

নং ৪০৮।

নাইট্রিক ইথার :	...	...	২ ড্রাম।
টিং ফেরি পার্ক্লোরিডাই :		...	১ ড্রাম।
ইন্‌ফিউ ক্যালম্বি :	..	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা দিবসে ৩ বার।

এলবিউমিনিউরিয়া রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

নং ৪০৯।

নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
এমোনি কার্ব্বনাস :	...	...	২০ গ্রেণ।
ভাইনম ইপিকাক :	...	..	১ ড্রাম।
টিং হেনবেন :	....	..	২ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

ব্রনকাইটিস প্রভৃতি রোগে জ্বর সত্ত্বে, যদি আক্ষেপ জনক কাশী হয়, কিন্তু শ্লেষ্মা নিঃসরণ না হয় এবং গাত্র বেদনা ও শারীরিক বেদনার আতিশয্যে প্রযোজ্য।

নং ৪১০।

লাইকার এমোনি এসিটেটিস :		...	২ ড্রাম।
সোডি বাইকার্ব্বনাস :	...	...	২০ গ্রেণ।
সিরাপস লিমোনিস :	...	...	১ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালীন ১ প্রহর অন্তর।

৪।৫ বৎসর বয়স্ক সন্তানদিগের সামান্য জ্বর সত্ত্বে অস্র, পিপাসা হইলে দেওয়া যায়।

নং ৪১১।

পটাসি নাইট্রাস :	...	...	৩০ গ্রেণ।
,, সাইট্রাস :	...	...	৩৬ গ্রেণ।
নাইট্রিক ইথার :	...	...	৬ ড্রাম।
টিং বেলাডোনি :	...	...	৩০ বিন্দু।
টিং কার্ডেমোমাই কম :		..	৩ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি ;	...	...	৫॥০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালে ৪ ঘণ্টান্তর সেব্য।

স্বল্প বা সবিরাম জ্বর ৫।৭ দিবস স্থায়ী হলে মুত্র কটু ও অপরিষ্কার, পিপাসা, শিরোবেদনা ও দৌর্ব্বল্য সত্ত্বে বিশেষ উপকারী।

নং ৪১২।

নাইট্রিক ইথার :	... ...	২ ড্রাম।
পটাশি নাইট্রাস :	... ...	১ ড্রাম।
ভাইনম এণ্টিমনি :	... ...	১ ড্রাম।
টিং একোনিটাই :	... ...	১২ বিন্দু।
টিং বেলাডোনি :	... ...	১ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরা :	... ...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩।৪ ঘণ্টান্তর।

বিবিধ আভ্যন্তরিক ও বাহ্য তরুণ প্রদাহে (যথা ফুসফুস, কণ্ঠনালী, বায়ুনালী, শ্লৈষ্মিক ঝিল্লী, স্তন, অণ্ডকোষ প্রভৃতি প্রদাহে) জ্বর হইলে তদ্বর্ত্তমানে শুষ্ক কাশী, পিপাসা, দাহ গাত্র জ্বালা ইত্যাদি সত্ত্বে প্রযোজ্য।

কং ৪১৩।

এসিড : নাই ; মিউ : ডিল :	...	৩০ বিন্দু।
ভাইনম ইপিকাক :	... ...	৩০ বিন্দু।
লাইকার এমোনি : এসিটেটিস :	...	১॥০ আং।
এক্সট্রেক্ট ট্যারেক্সেসাই :	..	॥০ ড্রাম।
ক্লোরিক ইথার :	... ...	২ ড্রাম।
পোর্ট	... ...	৯ ড্রাম।
টিং সার্পেণ্টেরাই :	... ..	৩ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি :	... ...	৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ ৩।৪ ঘণ্টান্তর জ্বরকালীন সেব্য।

সবিরাম বা স্বল্পবিরাম জ্বর সত্ত্বে যকৃতে ও মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ ঘোর, প্রলাপ, কণ্ডাক্ষেপ, নাড়ী দুর্ব্বল, অথচ দ্রুতগামী, মধ্যে মধ্যে রাত্রে চীৎকার ধ্বনি, জিহ্বা সমল ইত্যাদি লক্ষণ হইলে বিশেষ ফলপ্রদ। এতৎ সহ-যোগে মস্তিষ্কে শীতল জল বা বরফ ঘাড়ে ও যকৃতে ব্লিষ্টার আবশ্যক হইলে দেওয়া উচিত।

নং ৪১৪।

নাইট্রিক ইথার : ... ... ২ ড্রাম।
পটাশি নাইট্রাস : ... ... ১ ড্রাম।
ক্লোরিক ইথার : ... ... ১॥০ ড্রাম।
টিং সিঙ্কোনি কম : ... ... ২ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

স্বল্প বা সবিরাম জ্বরে মস্তিষ্কে রক্তাধিক্য প্রযুক্ত ঘোর, নাড়ী স্থূল, প্রলাপ ও দাহ ইত্যাদি সত্ত্বে প্রযোজ্য। এতৎসহ ঘাড়ে ব্লিষ্টার ও মস্তকে শীতল জল দেওয়া আবশ্যক।

নং ৪১৫।

এসিড হাইড্রোক্লোরিক : ডিল : .. ১ ড্রাম।
পটাস ক্লোরাস : ... ... ৩০ গ্রেণ।
ডিকক্ট সিঙ্কোনি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ ৪।৩ ঘণ্টান্তর। জ্বর কালে সেব্য।

স্বল্পবিরাম জ্বরে বিবিধ ঔষধ সেবনে সামান্য ভাবে কয়েক দিন স্থায়ী হইলে আবশ্যক।

নং ৪১৬।

টার্টার এমেটিক :	...	...	১ গ্রেণ।
ম্যাগ্নাসি সালফাস :	...	...	৬ ড্রাম।
পটাসি নাইট্রাস :	...	...	১ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩।৪ ঘণ্টান্তর জ্বরকালে সেব্য। ২।৩ বার সেবনে কার্য্য সিদ্ধ হইলে নিষেধ।

তরুণ সবিরাম প্রবল জ্বর কালীন নাড়ীর পুষ্টি সহ পিপাসা দাহ, অন্ত্র ও পাকস্থলী অপরিষ্কার ইত্যাদি বর্ত্ত-মানে বিশেষ ফলপ্রদ।

নং ৪১৭।

পটাশি এসিটাস :	..	..	১ ড্রাম।
এসিটাম সিলি :	..	..	১।৷০ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	..	২ ড্রাম।
জল ;	..	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

শোথ রোগে অবস্থানুসানুরে প্রযোজ্য।

নং ৪১৮।

কোপেবা : ...	...	...	১।৷০ ড্রাম।
ম্যাগ্নাসি কার্ব্বনাস :	...	...	১ ড্রাম।
পল্‌ব : ওপিয়াই :	...	..	১।৷০ গ্রেণ।
,, কিউবেব :	..	...	৩০ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ বটিকা হইবে। মাত্রা ১ কালীন ২ বটিকা দিবসে ২ বার।

প্রমেহ রোগে ব্যবস্থা।

নং ৪১৯।

বালসাম: কোপেবা:	...	...	২ ড্রাম।
নাইট্রিক ইথার:	...	...	৪ ড্রাম।
লাইকার পটাশি:	...	...	২ ড্রাম।
টিং হাইওসায়েমাই:	...	...	৪ ড্রাম।
প: একেসিয়া গমাই	...	...	১ আং।
জল ...	...	...	১২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩ বার।

তরুণ ও পুরাতন প্রমেহ রোগে বিশেষ ফলপ্রদ। এতৎসহ ৫৫২ নং পিচকারী মূত্রনালীতে অবস্থানুসারে দেওয়া যাইতে পারে।

নং ৪২০।

পটাশি নাইট্রাস:	...	...	৩০ গ্রেণ।
পটাশি: ক্লোরাস:	...	...	৩০ গ্রেণ।
,, এসিটাস:	...	...	৩০ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ৬পুরিয়া হইবে। মাত্রা ১পুরিয়া জ্বর কালে ৩ ঘণ্টান্তর।

তরুণ জ্বর কালীন পিপাসা, দাহ ও জিহ্বা অপরিষ্কার সত্ত্বে দেওয়া যায়, ইহা ভিন্ন বাত রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

নং ৪২১।

পটাশি : সাইট্রাস : .. ... ২ ড্রাম।
,, এসিটাস : ... ... ১ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ৬ ড্রাম।
টিং ক্যান্থারিডিস : ... ... ১ ড্রাম।
ইন্‌ফিউ : ক্রমটপস : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

শোথ রোগে (মূত্র যন্ত্র পীড়া বশতঃ যে শোথ না হয়) প্রযোজ্য। এ ভিন্ন বিসূচিকা রোগে মূত্রকরণ জন্য দেওয়া যাইতে পারে।

নং ৪২২।

পটাশি : বাইকার্ব্বনাস : ... ... ১ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ২ ড্রাম।
টিং জেন্সিয়ানি কম : .. ... ৩ ড্রাম।
ইন্‌ফিউ বুকু : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

দুর্ব্বল অবস্থায় সাধারণ শোথ রোগে প্রযোজ্য।

নং ৪২৩।

এসিড : নাই : মিউ : ডিল : ... ১ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ৩ ড্রাম।
ক্লোরিক ইথার : ... ... ২ ড্রাম।
টিং সিঙ্কোনি কম : .. ... ৩ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি : ... ... ৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

সবিরাম বা স্বল্পবিরাম জ্বরে মল পরিষ্কার সত্ত্বে মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ ঘোর প্রলাপ, শয্যান্বেষণ, নাড়ী দুর্ব্বল ইত্যাদি হইলে বিশেষ ফলপ্রদ। এই কালে মস্তকে শীতল জল বা বরফ দেওয়া উচিত।

নং ৪২৪।

লাইকার এমোনি এসিটেটিস :	...	৯ ড্রাম।
নাইট্রিক ইথার :	... ...	৩ ড্রাম।
টিং একোনিটাই :	... ...	১৫ বিন্দু।
টিং সিঙ্কোনি কম :	... ...	৩ ড্রাম।
টিং সেনি কম :	... ...	৩ ড্রাম।
একোয়া মেন্থি পিপ :	.. ...	৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালীন ৩ ঘণ্টান্তর।

সবিরাম বা স্বল্পবিরাম প্রভৃতি জ্বর ৫।৭ দিবস স্থায়ী হ্বত্রে অন্ত্রে তরল মল থাকা প্রযুক্ত অন্ত্র অসুস্থ ও অন্যান্য লক্ষণ বর্ত্তমানে দেওয়া সর্ব্বতোভাবে কর্ত্তব্য।

নং ৪২৫।

এসিড : নাই : মিউ : ডিল :	...	১ ড্রাম।
নাইট্রিক ইথার :	... ...	২ ড্রাম।
ক্লোরিক ইথার :	.. ...	১৷৹ ড্রাম।
টিং সিঙ্কোনি কম :	....	৩ ড্রাম।
টিং একোনিটাই :	.. ...	৩০ বিন্দু।
টিং হাইওসায়েমাই :	... ...	৩ ড্রাম।
একোয়া সিনেমোমাই :	... ...	৪৷৹ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর সময়ে ৩ ঘণ্টান্তর।

স্বল্প বিরাম জ্বর ক্রমাগত ৭।৮দিবস বর্ত্তমানে অতিশয় অঙ্গ-বেদনা, দাহ, নাড়ী দ্রুতগামী অথচ সামান্য দুর্ব্বল সত্ত্বে প্রয়োজনীয়।

নং ৪২৬।

লাইকার এমোনি এসিটেটিস: ... ১ আং।
পটাশি নাইট্রাস: ... ... ২ ড্রাম।
টিং একোনিটাই: ... ... ২০ বিন্দু।
ই: এমোনি: এরোম: .. ... ৩ ড্রাম।
একোয়া ক্যাম্ফরি: ... .. ৪॥০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৮ অংশ হইবে। মাত্রা ১অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর,

ব্রনকাইটিস প্রভৃতি জন্য জ্বরে কফ নিঃসারণ না হইলে এবং পিপাসা দাহ ও দৌর্ব্বল্য বর্ত্তমানে ব্যবস্থা।

নং ৪২৭।

পটাসি নাইট্রাস ... ... ১ ড্রাম।
পল্ব: ওপিয়াই: .. ... ৩ গ্রেণ।
,, ইপিকাক: ... ... ৬ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ পুরিয়া হইবে। মাত্রা ১ পুরিয়া দিবসে ২ বার।

বাত রোগে গ্রন্থি স্ফীত হইলে রক্তের ফাইব্রিণ তরল ও চর্ম্ম শুষ্ক নিবারণ জন্য বিশেষ উপযোগী। যদি শয়ন কালে কেবল ১টি পুরিয়া দেওয়া হয় তবে দিবসে অন্যান্য ঔষধ দেওয়া উচিত।

নং ৪২৮।

পটাসি নাইট্রাস : ... ... ১ ড্রাম।
এণ্টিমনি : টার্ট : ... .. ২ গ্রেণ।
পল্‌ব ইপিকাক : ... ... ৮ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ৮ পুরিয়া ৩।৪ ঘণ্টান্তর।

যদি ৩।৪ বার সেবনে জ্বরের হ্রাস, বমন এবং মল হইয়া পাকস্থলী ও অন্ত্র পরিষ্কার হয় তবে ঔষধ সেবন নিষেধ।

তরুণ সবিরাম বা স্বল্প বিরাম জ্বরে নাড়ী পুষ্ট, পাক-স্থলি ও অন্ত্র অপরিষ্কার পিপাসা, দাহ ইত্যাদি বর্ত্তমানে উপযোগী।

নং ৪২৯।

ক্যালামেল : .. .. ১০ গ্রেণ।
পল্‌ব : ইপিকাক : ... .. ৪ গ্রেণ।
জেম্‌স পাউডার : ... ... ১৬ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ পুরিয়া হইবে। মাত্রা ১পুরিয়া ৩ ঘণ্টান্তর। যদি ৩।৪ বার সেবনে অধিক মল হয় তবে নিষেধ।

সবিরাম বা স্বল্প বিরাম জ্বরে বিরেচক ঔষধ সেবনে যদি অন্ত্র পরিষ্কার না হয় ও তজ্জন্য মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ সামান্য ঘোর প্রলাপ ও দাহ ইত্যাদি বিশেষ ফলদায়ক।

নং ৪৩০।

লাইকার এমোনি এসিটেটিস : ... ৩ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ১ ড্রাম।
ভাইনাম ইপিকাক : ... ... ১ ড্রাম।

পল্ভ ক্রিটি এরোমেটিকস : ... ১ ড্রাম।
একোয়া এনিথাই : .. ... ২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ অংশ হইবে।

৭৷৷৮ মাসের বালক বালিকাদের জ্বর সত্ত্বে সর্দ্দি জনিত কাশী ও মধ্যে মধ্যে তরল মল হইলে দেওয়া যায়।

নং ৪৩১।

লাইকার এমোনি ; এসিটেটিস : ... ২ ড্রাম।
ভাইনাম ইপিকাক : ... ... ৩০ বিন্দু।
পটাশি বাইকার্ব্বনাস : ... .. ২০ গ্রেণ।
টিং ওপিয়াই : .. ... ১০ বিন্দু।
একোয়া এনিথাই : ... ... ২৷৷০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১০ অংশ হইবে। মাত্রা ১অংশ জ্বরের ৩ ঘণ্টান্তর।

৬।৭ বৎসরের বালক বালিকাদের জ্বর কালীন কাশী ও অতিশয় তরল মল হইলে প্রযোজ্য। যদি ৪।৫ ভাগ সেবনে মলের ভাগ হ্রাস হয় তবে টিং ওপিয়াই রহিত করিতে হইবে। কারণ ওপিয়ম ঘটিত ঔষধ সেবনে শিশু-দিগের শীঘ্র মাদকতা জন্মে।

নং ৪৩২।

লাইকার এমোনি এসিটেটিস : ... ৪ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ৪০ বিন্দু।
পটাশি নাইট্রাস : .. ... ১৫ গ্রেণ।
এমোনি ক্লোরাইডম : ... .. ১৫ গ্রেণ।
জল .. .. .. ২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর জ্বর কালীন সেব্য।

৫।৬ বৎসরের বালক বালিকাদের জ্বরকালে, পিপাসা মূত্রাল্পতা ও ঘোর বর্ণত্ব এবং দাহাদি সত্ত্বে বিধেয়।

নং ৪৩৩।

নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
ম্যাগ্নিসি সালফাস :	...	...	৬ ড্রাম।
পটাশি ব্রোমাইড :	...	...	১ ড্রাম।
টিং একোনিটাই :	...	..	১৫ বিন্দু।
জল ...	..	..	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ বার। ৩।৪ বার সেবনে অধিক মল হইলে নিষেধ।

স্বল্প বিরাম জ্বরে মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ ঘোর নাড়ী পূর্ণ ও দ্রুতগামী, প্রলাপ দাহ ও মল অপরিষ্কার সত্ত্বে ব্যবহার্য্য।

নং ৪৩৪।

ভাইনাম এণ্টিমনি :	...	..	৩০ বিন্দু।
ক্লোরিক ইথার :	...	...	১৫ বিন্দু।
পটাশি বাইকার্ব্বনাস :	...	...	১৫ গ্রেণ।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৫ ড্রাম।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালীন ৩ ঘণ্টান্তর।

১।১৷৷০ বৎসরের বালক বালিকাগণের কণ্ঠনালী প্রদাহ (ক্রুপ) বশতঃ জ্বর কাশী ইত্যাদি সত্ত্বে ব্যবস্থা। এতদ্ভিন্ন সবিরাম ও স্বল্প বিরাম জ্বরে দেওয়া যাইতে পারে।

নং ৪৩৫।

লাইকার এমোনি এসিটেটিস : ... ৪ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ২ ড্রাম।
পটাশি নাইট্রাস : ... ... ৩০ গ্রেণ।
টিং একোনিটাই : ... .. ১০ বিন্দু।
একোয়া কাম্ফোরি : ... .. ৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালীন ৩ ঘণ্টান্তর।

সবিরাম জ্বরে মল পরিষ্কার করার পর যদি নাড়ী স্থূল ও দ্রুতগামী এবং দাহ, পিপাসা ও মূত্র অপরিষ্কার থাকে তবে দেওয়া যায়।

নং ৪৩৬।

এসিড : সাইট্রিক : .. ... ৩০ গ্রেণ।
পটাশি : ক্লোরাস : ... ... ৩০ গ্রেণ।
জল ... ... ১৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত একটী বোতলে প্রস্তুত করিয়া রাখিতে হইবে। মাত্রা ১ আউন্স।

জ্বর কালীন অধিক পিপাসা, দাহ ইত্যাদি হইলে মধ্যে মধ্যে সেব্য।

নং ৪৩৭।

নাইট্রিক ইথার : .. ... ৪ ড্রাম।
ক্লোরিক ইথার : ... ... ২ ড্রাম।
এসিড : সলফ ডিল : ... ... ১ ড্রাম।
ডিকক্ট : সিঙ্কোনি : ... ... ৭ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৮ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ১ প্রহর অন্তর সেব্য।

উপসর্গ বিহীন স্বল্পবিরাম জ্বর ক্রমাগত ১০।১২ দিবস স্থায়ী হইলে প্রযোজ্য।

নং ৪৩৮।

নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
ক্লোরিক ইথার :	...	...	১॥০ ড্রাম।
ই : এমোনি : এরোম :	...	...	১॥০ ড্রাম।
টিং হেন্সবেন :	...	...	১॥০ ড্রাম।
পটাশি ব্রোমাইড :	...	...	১ ড্রাম।
,, বাইকার্ব্বনাস :	...	...	১॥০ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি ;	...	...	৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর সেব্য।

সবিরাম বা স্বল্পবিরাম জ্বরে মস্তিষ্কে রক্তাধিক্য বশত অঙ্গ ক্ষেচন, জিহ্বা সমল ও আর্দ্র, নাড়ী সূক্ষ্ম অথচ দ্রুতগামী, ঘোর, প্রলাপ, মধ্যে মধ্যে মূর্চ্ছা ইত্যাদি লক্ষণ সত্ত্বে প্রযোজ্য,

এই ঔষধ সেবন কালীন মস্তকে শীতল বা বরফ দেওয়া উচিত।

এই ঔষধ উক্ত লক্ষণাক্রান্ত প্রসূতির পক্ষে বিশেষ উপকারক।

নং ৪৩৯।

এসিড : নাই : মিউ : ডিল :		...	১ ড্রাম।
নাই : ইথার :	...	...	১॥০ ড্রাম।
টিং ক্যানেবিস ইণ্ডিসি :	...	...	১৫ বিন্দু।
ডিকক্ট সিঙ্কোনি :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালীন ৩ ঘণ্টান্তর।

সবিরাম বা স্বল্প বিরাম জ্বরে সাতিশয় শিরঃপীড়া, অঙ্গ বেদনা, চর্ম্ম শুষ্ক ও রুক্ষ এবং মূত্র অপরিষ্কার বিদ্যমানে উপকারী।

নং ৪৪০।

লাইকার এমোনি এসিটেটিস ... ৪ ড্রাম।
পটাশি বাই কার্ব্বনাস : .. ... ১ ড্রাম।
টিং হেনবেন : ... ... ১ ড্রাম।
ভাইনাম ইপিকাক : ... ... ৪০ বিন্দু।
একোয়া এনিথাই : ... ... ৩॥০আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

সবিরাম বা স্বল্প বিরাম বা অন্তবিধ জ্বরে সামান্য কাশী উদরাধ্মান ও শিরঃপীড়া বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৪১।

লাইকার এমোনি এসিটেটিস : ... ১।০ ড্রাম।
ভাইনাম ইপিকাক : ... ... ১৮ বিন্দু।
এমোনি কার্ব্বনাস : .. ... ৩ গ্রেণ।
ই : এমোনি : এরোম : ... ... ২০ বিন্দু।
সিরাপস লিমোনিস : ... .. ৩০ বিন্দু।
একোয়া ক্যাম্ফোরি : ... ... ৬ ড্রাম।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালীন ৩ ঘণ্টান্তর।

১২।১৪ মাসের সন্তানদিগের ব্রনকাইটিস জনিত জ্বর কাশী অস্থিরতা সত্ত্বে প্রযোজ্য। এতৎসহ বাহ্য প্রয়োগ জন্য উষ্ণ জলের স্বেদ ও উত্তেজক মালিষ তৈল বিধেয়।

নং ৪৪২।

ই : এমোনি : এরোম : ... ... ২০ বিন্দু।
নাইট্রিক ইথার : ... .. ৪০ বিন্দু।
একোয়া এনিথাই : ... ... ২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালীন ৩ ঘণ্টা অন্তর সেবা।

৩।৪ বৎসর সন্তানগণের সামান্য জ্বর ও উদরাধ্মান হইলে প্রযোজ্য।

নং ৪৪৩।

লাইকার এমোনি এসিটেটিস : ... ৬ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ১॥০ ড্রাম।
পটাশি ক্লোরাস : ... ... ৩০ গ্রেণ।
ক্লোরিক ইথার : ... ... ১ ড্রাম।
টিং সিঙ্কোনি কম : .. ... ১॥০ ড্রাম।
টিং জেনবেন : ... .. ১॥০ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি : .. ... ৪॥০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে : মাত্রা ১ অংশ জ্বর কালে ৩ ঘণ্টান্তর।

সবিরাম জ্বর ৩।৪ পালা আসিলে যদি হস্ত পদ টান জিহ্বা অপরিষ্কার ও শুষ্ক, মস্তকে বেদনা, দৌর্ব্বল্য ও অস্থিরতা সত্ত্বে প্রযোজ্য।

নং ৪৪৪।

নাইট্রিক ইথার ;	... ...	৩ ড্রাম।
টিং হেনবেন :	... ...	১॥০ ড্রাম।
টিং সিঙ্কোনি কম :	... ...	২ ড্রাম।
ই : এমোনি : এরোম :	... ..	১॥০ ড্রাম।
একোয়া ক্যাম্ফরি :	... ...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

ব্রনকাইটিস রোগে যদি আক্ষেপ জনক কাশী থাকে, কিন্তু শ্লেষ্মা নির্গত না হয় তবে প্রযোজ্য।

নং ৪৪৫।

লাইকার এমোনি এসিটেটিস :	..	৪ ড্রাম।
নাইট্রিক ইথার :	... ...	২ ড্রাম।
পটাশি সাইট্রাস :	... ...	৪০ গ্রেণ।
টিং হাইওসায়েমাই :	... ...	১ ড্রাম।
কর্পূরোদক :	... ...	৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

স্বল্প বিরাম বা সবিরামজ্বরে মস্তক বেদনা দাহ ইত্যাদি সত্ত্বে প্রযোজ্য।

নং ৪৪৬।

ভাইনাম ইপিকাক :	... ...	৪০ বিন্দু।
লাইকার এমানি এসিটেটিস ;	...	৬ ড্রাম।
টিং ক্যাম্ফরি কম ;	... ...	২ ড্রাম।

পটাশি আইওডিডাই :	...	...	১৫ গ্রেণ।
ক্লোরিক ইথার :	...	...	১॥০ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

নিউমোনিয়া ও ব্রনকাইটিস রোগে আক্ষেপ জনক কাশী হইলে কিন্তু শ্লেষ্মা নিঃসরণ না হইলে নিশ্বাস, প্রশ্বাসে অতিশয় যাতনা, চর্ম শুষ্ক গাত্রজ্বালা ইত্যাদি সত্ত্বে বিধেয়।

নং ৪৪৭।

নাইট্রিক ইথার :		...	..	২ ড্রাম।
পটাসি নাইট্রাস :		...	..	২০ গ্রেণ।
টিং বুকু :	...	...	...	২ ড্রাম।
টিং হেনবেন :	...	...	...	১॥০ ড্রাম।
জল :	...	...	..	৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর সেব্য।

রক্তপ্রস্রাব প্রভৃতি রোগে রক্ত নির্গমনের পর মূত্র ঘোর, পরিমাণে অল্প এবং ত্যাগকালে জ্বালা সত্ত্বে প্রযোজ্য। এতভিন্ন প্রমেহ রোগেও অবস্থানুসারে প্রযোজ্য।

নং ৪৪৮।

এসিড : নাই : মিউ : ডিল :			...	১ ড্রাম।
টিং হেম্প :	...	...	...	১৫ বিন্দু।
টিং সিঙ্কোনি :	...	...	...	২ ড্রাম।
ডিকক্ট : সিঙ্কোনি :		..	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টা অন্তর জ্বরকালে সেব্য।

উপসর্গ বিহীন স্বল্প বিরাম প্রভৃতি জ্বর ১০।১৫ দিবস স্থায়ী সত্ত্বে গাত্র শুষ্ক সামান্য শিরঃপীড়া ও দৌর্ব্বল্য ইত্যাদি বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৪৯।

টিং ক্যান্থারিডিস : ... ... ৩০ বিন্দু।
নাইট্রিক ইথার : ... ... ১ ড্রাম।
এসিড সাইট্রিক : ... ... ১ ড্রাম।
জল ... ... ১২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২অংশ হইবে। মাত্রা ১অংশ ২ ঘণ্টান্তর।

সামান্য জ্বর সত্ত্বে মূত্রাশয়ের প্রদাহ বা অন্য কোন কারণ বশতঃ মূত্র পরিষ্কার না হইলে ও পিপাসা ইত্যাদি বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৫০।

এসিড : নাই : মিউ : ডিল : ... ১ ড্রাম।
নাইট্রিক ইথার : ... ... ১ ড্রাম।
ক্লোরিক ইথার : ... . ১ ড্রাম।
জিন ... ... ১।০ ড্রাম।
একোয়া : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ২ ঘণ্টান্তর।

ইউরিমিয়া রোগে অর্থাৎ মূত্রস্থলি মূত্রে পরিপূর্ণ অথচ মূত্র অপরিষ্কার দৌর্ব্বল্য ও অচৈতন্য সত্ত্বে প্রযোজ্য।

নং ৪৫১।

সোডি স্যালিসিলেট : ...	...	৩০ গ্রেণ।
নাইট্রিক ইথার : ...	...	১ ড্রাম।
ই : এমোনি : এরোম :	...	১ ড্রাম।
টিং সিঙ্কোনি কম : ...	...	১॥০ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি : ...	...	৩ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ ৩ ঘণ্টান্তর

স্বল্প বিরাম জ্বরে শারীরিক উষ্ণতা হ্রাস হইয়া বিশেষ উপকার দর্শে।

নং ৪৫২।

পটাশি আইওডিড : ...	...	৩০ গ্রেণ।
লাইকার পটাশি : ...	...	১॥০ ড্রাম।
নাইট্রিক ইথার : ...	...	৩ ড্রাম।
ইন্‌ফিউ বুকু : ...	...	১২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩ বার।

উপদংশ রোগ কালীন প্রমেহ হইলে বিশেষ ফলপ্রদ। যদি উপদংশ বর্ত্তমানে স্ত্রীলোকদের গর্ভ হয় তথাপি উক্ত পীড়া স্থলে উপকারী।

নং ৪৫৩।

লাইকার এমোনি এসিটেটিস :	...	৬ ড্রাম।
ভাইনাম ইপিকাক : ...	...	৪০ বিন্দু।
এক্সট্রাক্ট ট্যারেক্সেসাই :...	...	৩০ গ্রেণ।

এমোনি ক্লোরাইডম : ... ... ৩০ গ্রেণ।

একোয়া ক্যাম্ফোরি : ... ... ৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

সবিরাম বা স্বল্প বিরাম জ্বরে যকৃতে সামান্য প্রদাহ বশতঃ পাণ্ডু রোগ বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৫৪।

লাইকার এমোনি এসিটেটিস : ... ৬ ড্রাম।

এক্‌ট্রাক্ট ট্যারেক্সেসাই : ... ... ৪২ গ্রেণ।

ক্লোরিক ইথার : ... ... ১॥০ ড্রাম।

টিং ল্যাবেণ্ডিউলি কম : ... ... ১॥০ ড্রাম।

একোয়া : .. .. ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরের সময় ৩ ঘণ্টান্তর।

সবিরাম প্রভৃতি জ্বর কালীন যকৃতে বেদনা সত্ত্বে বিধেয়।

নং ৪৫৫।

এসিড নাইট্রো মিউরিয়েটিক ডিল ... ১ ড্রাম।

নাইট্রিক ইথার : ... ... ৩ ড্রাম।

টিং ক্যানেবিস ইণ্ডিসি :... ... ১৫ বিন্দু।

টিং একোনিটাই : ... ... ১৫ বিন্দু।

টিং সিঙ্কোনি কম : ... ... ১॥০ ড্রাম।

ডিকক্ট সিঙ্কোনি ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ১ প্রহর অন্তর।

সবিরাম বা স্বল্প বিরাম জ্বর ৩।৪ দিবস পূর্ণ ও দ্রুত-গামী নাড়ী, অঙ্গবেদনা ও দাহ সহিত প্রবল অবস্থায় প্রযোজ্য।

নং ৪৫৬।

নাট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
পটাশি বাইকার্ব্বনাস :	...	...	১॥০ ড্রাম।
,, ব্রোমাইড :	...	...	১ ড্রাম।
ভাইনাম ইপিকাক :	...	...	১ ড্রাম।
টিং হেনবেন :	...	..	১॥০ ড্রাম।
ক্লোরিক ইথার :	...	...	১॥০ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৫॥০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

সবিরাম জ্বর স্বল্প বিরামে পরিণতহইলে ও তদানুষঙ্গিক মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ ঘোর প্রলাপ, শয্যা অন্বেষণ, সবল ও সামান্ত ব্রনকাইটিক জন্ম মধ্যে মধ্যে কাশী ইত্যাদি বর্ত্তমানে প্রযোজ্য। এই সঙ্গে মস্তকে শীতল জল ও বরফ দেওয়া উচিত।

নং ৪৫৭।

ক্লোরিক ইথার :	...	...	২০ বিন্দু।
পটাশি : বাইকার্ব্বনাস :		...	১২ গ্রেণ।
,, ব্রোমাইড :	...	...	১২ গ্রেণ।
নাইট্রিক ইথার :	...	...	৩০ বিন্দু।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৬ ড্রাম।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ জ্বরকালে ৩ ঘণ্টা অন্তর সেব্য।

১৩।১৪ মাসের সন্তানদিগের জ্বর সন্ত্বে অঙ্গ খেঁচন হইলে প্রযোজ্য।

নং ৪৫৮।

কোপেবা : ... . ১ ড্রাম।
ওলিয়ম কিউবেবি : .. ... ৩০ বিন্দু।
নাইট্রিক ইথার : ... ... ১ ড্রাম।
পটাশি নাইট্রাস : ... ... ৩০ গ্রেণ।
মিউসিলেগো একেসিয়া : ... ৩ আং।
জল ... ... ৩ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ২।৩ বার।

তরুণ বা পুরাতন প্রমেহ রোগে মূত্র পরিষ্কার না হইলে প্রযোজ্য।

নং ৪৫৯।

লাইকার পটাশি : ... ... ১৷৷০ ড্রাম।
টিং হেনবেন : ... ... ১৷৷০ ড্রাম।
টিং কিউবেব : ... ... ৩০ বিন্দু।
জল ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ২ বার।

প্রমেহ রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

নং ৪৬০।

নাইট্রিক ইথার : ... ... ৪০ বিন্দু।
পটাশি বাইকার্ব্বনাশ : .. ৪০ গ্রেণ।
ই : এমোনি : এরোম : ... ৩০ বিন্দু।

ক্লোরিক ইথার : ... ... ৩০ বিন্দু।

একোয়া এনিথাই : ... ... ৩ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টা অন্তর।

৫।৬ বৎসরের সন্তান দিগের সবিরাম জ্বর কালীন উদরাধ্মান ও নাড়ী দুর্ব্বল হইলে প্রযোজ্য।

নং ৪৬১।

ই : ইথার সালক : .. ... ৩০ বিন্দু।

পটাশি এসিটাস : .. ... ২০ গ্রেন।

ডিকক্ট সিঙ্কোনি : .. ... ১॥০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালে ৩ ঘণ্টান্তর।

৩।৪ বৎসর বয়স্ক সন্তানদিগের স্বল্পবিরাম জ্বর সত্ত্বে নাড়ী দুর্ব্বল হইলে প্রযোজ্য।

নং ৪৬২।

ক্লোরিক ইথার : ... ... ২ ড্রাম।

টিং সিঙ্কোনি কম : ... ... ৩ ড্রাম।

টিং হেনবেন : ... ... ১॥০ ড্রাম।

টিং সর্পেণ্টিরাই : ... ... ১॥০ ড্রাম।

একোয়া ক্যাম্ফোরি : ... ... ৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালে ৩ ঘণ্টান্তর।

ম্যালেরিয়া জনিত সবিরাম বা স্বল্প বিরাম জ্বরে অন্ত্র পরিষ্কার সত্ত্বেও গাত্র উষ্ণ ও শুষ্ক পার্শ্ব বেদনা শিরঃপীড়া ও নাড়ী দুর্ব্বল ইত্যাদি বর্ত্তমানে অবস্থানুসারে ব্যবস্থেয়।

নং ৪৬৩।

টিং সিঙ্কোনি কম :	...	..	৩ ড্রাম।
টিং হেম্প :	...	...	২৪ বিন্দু।
ক্লোরিক ইথার :	...	...	২ড্রাম।
ম্যাগ্নিসি সালফাস :	...	...	৬ ড্রাম।
ইনফিউ : সার্পেণ্টিরাই :	...	...	৬ ড্রাম।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর। ৩৪ বার সেবনে অন্ত্র পরিস্কার হইলে সল্ট রহিত করিতে হইবে।

ম্যালেরিয়া জনিত সবিরাম বা স্বল্পবিরাম জ্বরের প্রবল অবস্থায় কোষ্ঠবদ্ধ, মূত্র পরিমাণে অল্প জিহ্বা লেপযুক্ত, গাত্র শুষ্ক ও উষ্ণ শিরঃপীড়া, অস্থিরতা, নাড়ী পূর্ণ ও দ্রুতগামী ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে ফলপ্রদ।

নং ৪৬৪।

এমোনি কার্ব্বনাস :	...	...	২০ গ্রেণ।
পটাশি বাইকার্ব্বনাস :	...	...	১৷৷০ ড্রাম।
ক্লোরিক ইথার :	...	...	২ ড্রাম।
টিং ক্যানেবিস ইণ্ডিসি :		...	১ ড্রাম।
টিং সিঙ্কোনি কম :	...	...	৩ ড্রাম।
ইন্‌ফিউ : সর্পেণ্টেরাই :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

সবিরাম জ্বর একজ্বরে পরিণত হইলে ও তৎকালে শিরঃপীড়া, অস্থিরতা দাহ এবং পৃষ্ঠদেশে ও হস্ত পদাদিতে বেদনা, গাত্র শুষ্ক ও উষ্ণ, নাড়ী দুর্ব্বল অথচ দ্রুতগামী অল্প পরিমাণে মূত্র ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৬৫।

এসিড : নাই : মিউ : ডিল :	...	১ ড্রাম।
নাইট্রিক ইথার :	... ...	৩ ড্রাম।
ক্লোরিক ইথার :	... ...	১॥০ ড্রাম।
টিং ডিজিটেলিস :	... ...	৪০ বিন্দু।
টিং সিঙ্কোনি কম :	... ...	৩ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	... ...	৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

স্বল্পবিরাম জ্বর একজ্বরে পরিণত হইলে ও তৎকালে মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ ঘোর, প্রলাপ, দাহ, নাড়ী দর্ব্বল অথচ দ্রুতগামী এবং জিহ্বার পার্শ্ব সমল প্রভৃতি লক্ষণ বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৬৬।

লাইকার এমোনি : এসিটেটিস :	...	৩ ড্রাম।
নাইটিক ইথার :	... ...	২ ড্রাম :
পটাশি বাইকার্ব্বনাস :	... ...	১ ড্রাম।
,, বাই টার্টাস :	... ...	১॥০ ড্রাম।
টিং কার্ডেমোমাই কম্প :	... ...	১॥০ ড্রাম।
একোয়া :	... ...	৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

সবিরাম জ্বরে মূত্র ও ঘর্ম্ম করণ জন্য ব্যবস্থা; এতভিন্ন শোথ রোগগ্রস্ত রোগীকে অবস্থানুসারে বিধেয়।

নং ৪৬৭।

নাইটিক ইথার :	...	...	২ ড্রাম।
এমোনি : ক্লোরিডম :	...	...	১ ড্রাম।
এসিড : নাই : মিউ : ডিল :		...	৩০ বিন্দু।
টিং সিঙ্কোনি কম : :	...	...	২ ড্রাম।
জল ...	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

সামান্য সবিরাম বা স্বল্পবিরাম জ্বরে মূত্রের অল্পতা ও পাণ্ডুরোগ সত্ত্বে প্রয়োজনীয়।

নং ৪৬৮।

লাইকার পটাশি .	...	...	২ ড্রাম।
টিং হেনবেন : ...	...	...	১ ড্রাম।
ইন্‌ফিউ বুকু ...	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ২ বার।

সামান্য প্রমেহ রোগে প্রযোজ্য।

নং ৪৬৯।

পটাশি বাইকার্ব্বনাস .		...	১৷৷০ ড্রাম।
,, ব্রোমাইড :	...	...	১ ড্রাম।
টিং সিঙ্কোনি কম :	...	...	৩ ড্রাম।
টিং হেম্প :	...	..	১ ড্রাম।
ক্লোরিক ইথার :	...	...	২ ড্রাম।
ইন্‌ফিউ ; সর্পেণ্টেরাই :...		..	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

স্বল্পবিরাম জ্বরের ৮।৯ দিবস স্থিতি কালে মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ বিড় বিড় করিয়া প্রলাপ বাক্য, মধ্যে মধ্যে ঘোর গাত্র শুষ্ক ও উষ্ণ, নাড়ী দুর্ব্বল ও দ্রুতগামী, দাহ, শিরঃপীড়া, অস্থিরতা, জিহ্বা আর্দ্র অথচ লেপযুক্ত ইত্যাদি লক্ষণে বিশেষ উপকারী।

নং ৪৭০।

লাইকার এমোনি এসিটেটিস :	...	২ ড্রাম।
ভাইনম ইপিকাক :	... ...	৩০ বিন্দু।
সোডি পটাশিয়ো টার্টাস :	...	২ ড্রাম।
সিরাপস লিমোনিস :	... ...	১ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	... ...	২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

৬।৭ বৎসর বয়স্ক বালক বালিকাদের সবিরাম বা স্বল্প বিরাম জ্বরে গাত্র উষ্ণ জিহ্বা সমল ও মল অপরিষ্কার সত্ত্বে প্রযোজ্য।

নং ৪৭১।

নাইট্রিক ইথার :	... ...	২০ বিন্দু।
ক্লোরিক ইথার :	... ...	১৮ বিন্দু।
পটাশি বাইকার্ব্বনাস : ..	...	২৮ গ্রেণ।
টিং কার্ডেমোমাই কম ; ...	...	২০ বিন্দু।
একোয়া এনিথাই :	.. ...	৬ ড্রাম।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

৫।৬ মাসের শিশুদিগের উদরাধ্মানে প্রযোজ্য।

নং ৪৭২।

নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
পটাশি ব্রোমাইড :	..	...	১ ড্রাম।
ম্যাগ্নিশি সাল্‌ফাস :	..	..	৬ ড্রাম।
ক্লোরিক ইথার :	...	...	১॥০ ড্রাম।
টিং কার্ডেমোমাই কম :	...	...	১॥০ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	..	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর সেব্য। ৩।৪ বার সেবনে মল পরিষ্কার হইলে সল্ট রহিত করিবে।

সবিরাম বা স্বল্পাবিরাম জ্বরে নাড়ী দুর্ব্বল ও দ্রুতগামী দাহ, মল অপরিষ্কার মধ্যে মধ্যে প্রলাপ বাক্য, শিরঃপীড়া মূত্র লোহিতবর্ণ ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৭৩।

নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
পটাশি বাইকার্ব্বনাস :	...	..	১॥০ ড্রাম।
,, নাইট্রাস :	...	...	৩০ গ্রেণ।
এক্সট্রাক্ট ট্যারেক্সেসাই :	..	...	৪০ গ্রেণ।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালে ৩ ঘণ্টান্তর।

সবিরাম জ্বর সত্ত্বে পিপাসা, দাহ, মূত্র অপরিষ্কার ও যকৃতের ক্রিয়ার বৈলক্ষণ্য বশতঃ চক্ষু সামান্য হরিদ্রাবর্ণ, জিহ্বা শুষ্ক ও সমল থাকিলে প্রযোজ্য।

নং ৪৭৪।

পটাশি ক্লোরাস : ... ... ৩০ গ্রেণ।
,, বাইকার্ব্বনাস : ... ..., ১ ড্রাম।
,, ব্রোমাইড : ... ... ১ ড্রাম।
নাইটিক ইথার : .. ... ২ ড্রাম।
ক্লোরিক ইথার : .. .. ১॥০ ড্রাম।
ই : এমোনি : এরোম ... ... ১॥০ ড্রাম।
টিং সিঙ্কোনি কম ; ... ... ৩ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি : ... ... ৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

ম্যালেরিয়া জনিত স্বল্পবিরাম জ্বর ৮৷৯ দিবস স্থায়ী সূত্রে মস্তিষ্কে রক্তাধিক্য ঘোর, মধ্যে মধ্যে অসংলগ্ন বাক্য, জিহ্বা শুষ্ক, নাড়ী কোমল ও দুর্ব্বল এবং দ্রুতগামী ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে ব্যবহার্য্য।

এই কালে ঘাড়ে লাইকার লিটী দ্বারা ফোস্কাকরণ ও মস্তকে শীতল জল বা বরফ দেওয়া উচিত।

নং ৪৭৫।

সোডি বাইকার্ব্বনাস : ... ... ৩০ গ্রেণ।
ক্যালোমেল : ... . ১২ গ্রেণ।
পল্‌ব রিয়াই : .. .. ৩০ গ্রেণ।
,, ইপিকাক : .. .. ৬ গ্রেণ।
*জেমস পাউডার : .. .. ৩০ গ্রেণ।

---

* ডিস্তল কিম্বা হুপার সাহেব কৃত জেমস পাউডার বিশেষ ফলোপদায়ী।

মিশ্রিত কর। এই সমস্ত ৬পুরিয়া হইবে। মাত্রা ১পুরিয়া জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

সবিরাম, স্বল্পবিরাম প্রভৃতি জ্বরে বিরেচক ঔষধ দ্বারা অন্ত্র উত্তমরূপে পরিষ্কার না হওয়া প্রযুক্ত পুনরায় জ্বর আক্রমণ করিলে ও তৎকালে নাড়ী পূর্ণ ও দ্রুতগামী,মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ মধ্যে মধ্যে ঘোর, প্রলাপ বাক্য, দাহ ইত্যাদি বর্ত্তমানে প্রযোজ্য। যদি ৩।৪ বার সেবনে মল পরিষ্কার হয় তবে নিষেধ আর আবশ্যক হইলে পলব রিয়াই এর পরিবর্ত্তে পলব জেলাপি দেওয়া যাইতে পারে, এতৎসহ মস্তিকে শীতল জল বিধেয়।

নং ৪৭৬।

লাইকার এমোনি এসিটেটিস :	...		১॥০ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	৩০ বিন্দু।
পটাশি ব্রোমাইড :	...	...	১৬ গ্রেণ।
টিং সিঙ্কোনি কম :	...	...	৪০ বিন্দু।
একোয়া এনিথাই :	...	...	২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৮ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

৭।৮ মাসের বালক বালিকাদের সবিরাম জ্বরসত্বে অঙ্গ খেচন হইলে প্রযোজ্য।

নং ৪৭৭।

পটাশি ব্রোমাইড :	...	...	১ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	২ ড্রাম।
টিং আস্যাফিটিডি :	...	...	১॥০ ড্রাম।
একোয়া এনিথাই :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

হিষ্টিরিয়া প্রবণ ব্যক্তিদের সামান্য জ্বর সম্বন্ধে উদরাধ্মান ও মূত্র অপরিষ্কার সম্বন্ধে প্রয়োগ বিধি।

নং ৪৭৮।

পটাশি ব্রোমাইড :	...	...	১॥০ ড্রাম।
,, বাইকার্ব্বনাস :	...	...	১ ড্রাম।
,, এসিটাস :	...	...	১ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	২ ড্রাম।
টিং সিঙ্কোনি কম :	...	...	১॥০ ড্রাম।
জল ...	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

সবিরাম জ্বর ৩।৪ পালা আক্রমণের পর দাহ, মূত্র পরিমাণে অল্প ও ঘোর বর্ণ অস্থিরতা শিরঃপীড়া ইত্যাদি সম্বন্ধে বিধেয়। এভিন্ন বিসূচিকা রোগে ইউরিমিয়া হইলে অবস্থানুসারে দেওয়া যাইতে পারে।

নং ৪৭৯।

লাইকার এমোনি এসিটেটিস :		...	৬ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	২ ড্রাম।
পটাশি নাইট্রাস :	...	...	৩০ গ্রেণ।
সোডি পটাশিয়ো টার্টাস :		...	৬ ড্রাম।
সিরাপস লিমোনিস :	...	...	২ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

৩।৪ বার সেবনে মল পরিষ্কার হইলে নিষেধ।

সবিরাম জ্বরে বিরেচক ঔষধ সেবনে মল পরিষ্কার না হইয়া পুনরায় জ্বর আক্রমণ করিলে যদি পিপাসা, দাহ, নাড়ী পূর্ণ ও দ্রুতগামী, জিহ্বা শুষ্ক ও মূত্রাল্পতাদি থাকে দেওয়া যায়।

নং ৪৮০।

লাইকার এমোনি এসিটেটিস :		...	৬ ড্রাম।
পটাশি বাইকার্ব্বনাস :	...	...	১ ড্রাম।
ম্যাগ্নিসি সালফাস :	...	...	৩ ড্রাম।
এমোনি কার্ব্বনাস :	...	...	২৪ গ্রেণ।
টিং সেনিগি :	...	...	২ ড্রাম।
টিং সিঙ্কোনি কম :	...	...	৩ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি :	...	...	৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬অংশ হইবে। মাত্রা ১অংশ জ্বরকালে ১ প্রহর অন্তর।

ম্যালেরিয়া জনিত সবিরাম বা স্বল্পবিরাম জ্বরে ব্রন-কাইটিস রোগ ও তৎকালীন পিপাসা, দাহ, গাত্র শুষ্ক, ভিজা কাশী অথচ শ্লেষ্মা নিঃসারণে কষ্ট, নাড়ী সবল ২।১ বার মল হওয়ার প্রয়োজন ইত্যাদি স্থলে প্রযোজ্য।

নং ৪৮১।

লাইকার এমোনি এসিটেটিস :		...	১।।০ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
পটাশি ব্রোমাইড :	...	...	১ ড্রাম।
এমোনি কার্ব্বনাস :	...	...	২০ গ্রেণ।
ম্যাগ্নিসি সালফাস :	...	...	৪ ড্রাম।

টিং ক্যামেথিল ইণ্ডিসি: ... ... ১ ড্রাম।

একোয়া ক্যাম্ফোরি : ... ... ৪॥০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বরকালে ৩ ঘণ্টান্তর।

তরুণ সবিরাম বা স্বল্প বিরাম জ্বরে অন্ত্র অপরিষ্কার গাত্র দাহ, পিপাসা, শিরঃপীড়া, যকৃৎ স্থানে বেদনা, নাড়ী পূর্ণ ও প্রবল, জিহ্বা শুষ্ক ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৮২।

লাইকার এমোনি এসিটেটিস : ... ২ ড্রাম।

নাইট্রিক ইথার : ... ... ২ ড্রাম।

পটাশি বাইকার্ব্বনাস : ... ... ২ ড্রাম।

,, ব্রোমাইড : ... ... ১॥০ ড্রাম।

ক্লোরিক ইথার : ... ... ১॥০ ড্রাম।

টিং সিঙ্কোনি কম : .. ... ১॥০ ড্রাম।

একোয়া ক্যাম্ফোরি : ... ... ৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

ম্যালেরিয়া জনিত সবিরাম জ্বর স্বল্পবিরাম জ্বরে পরিণত হইলে তাৎকালীন মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ ঘোর, প্রলাপ, চীৎকার ধ্বনি, শয্যান্বেষণ, নাড়ী দুর্ব্বল অথচ দ্রুতগামী জিহ্বা শুষ্ক অথচ লেপযুক্ত ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে প্রযোজ্য। নাড়ীর অধিকতর দুর্ব্বল হইবার সম্ভব বিবেচিত হইলে প্রতি মাত্রায় ই : এমোনি : এরোম : ২০ বিন্দু করিয়া দেওয়া যাইতে পারে। এতৎ সহযোগে শুকে শীতল জল ও ঘাড়ে ব্লিষ্টার দেওয়া উচিত।

নং ৪৮৩।

নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
পটাশি সাইট্রাস :	...	...	১ ড্রাম।
ভাইনম ইপিকাক :	...	...	৪০ বিন্দু।
টিং হেনবেন :	...	...	১॥০ ড্রাম।
ইন্‌ফিউ : সর্পেণ্টরাই :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩।৪ ঘণ্টা অন্তর জ্বরকালে সেব্য।

ম্যালেরিয়া জনিত সবিরাম জ্বরকালীন ব্রনকাইটিস রোগের সূত্রে কাশী, পিপাসা ইত্যাদি বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৮৪।

এসিড নাই : মিউ : ডিল :		...	১ ড্রাম।
নাইট্রিক ইথার :	...	...	৩ ড্রাম।
এক্সট্রাক্ট ট্যারেক্সেসাই :	...	...	১ ড্রাম।
টিং সিঙ্কোনি কম :	..	...	২ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি :	..	..	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর কালে ৪ ঘণ্টান্তর।

ম্যালেরিয়া জনিত প্লীহা ও যকৃতের বিবৃদ্ধ অবস্থায় জীর্ণ জ্বর চক্ষু হরিদ্রাবর্ণ ইত্যাদি বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৮৫।

নাইট্রিক ইথার :	...	...	২ ড্রাম।
ক্লোরিক ইথার :	...	...	১॥০ ড্রাম।
টিং কান্থারিডিস :	...	...	৩০ বিন্দু।

ওলিয়ম টেরেবিন্থিনি : ... ২ ড্রাম।
একেসিয়া : ... ... ৩ ড্রাম।
একোয়া ক্যাম্ফোরি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

বিসূচিকা রোগে মূত্রকরণ জন্য প্রয়োগ করা যায়। এ ভিন্ন মূত্র শীঘ্র না হওয়া প্রযুক্ত অধিক যন্ত্রণা হইলে কোটি দেশ পর্য্যন্ত উষ্ণ জলে ৩০।৪০ মিনিট পর্য্যন্ত বসিয়া রাখিলে বিশেষ ফল দর্শে। যদি রোগী কোন প্রকারে ঔষধ সেবন করিতে না চাহে তবে প্রচুর পরিমাণে জল সেবন করাইয়া তৎসঙ্গেমধ্যে মধ্যে টিংক্যান্থারিডিস ৫ হইতে ১০ ফোঁটা দিলে উপকার সম্ভব।

নং ৪৮৬।

নাইট্রিক ইথার : ... ... ২ ড্রাম।
টিং বেলাডোনি : ... ... ৩০ বিন্দু।
জল : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

জ্বর কালীন কুইনাইন সেবন দ্বারা অনেকের মূত্রের অল্পতা বা সম্পূর্ণ অভাব হইয়া থাকে এরূপ ক্ষেত্রে বিশেষ ফলপ্রদ।

নং ৪৮৭।

লাইকার এমোনি ; এসিটেটাস : ... ৪ ড্রাম।
এমোনি কার্ব্বনাস : ... ... ৮ গ্রেন।
টিং সিলি : ... .. ২০ বিন্দু।

টিং সেনেগা : ... ... ১ ড্রাম।
ইথার ক্লোরিক : ... ... ৪০ বিন্দু।
একোয়া ক্যাম্ফোরি : ... ... ২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

৯ বৎসর বয়স্ক বালক বালিকাদের নিউমোনিয়া ও ব্রনকাইটিস রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

নং ৪৮৮।

পটাশি : ব্রোমাইড : ... ... ১ ড্রাম।
ইথার ক্লোরিক : ... ... ১৷৷০ ড্রাম।
টিং একোনিটাই : ... ... ২০ বিন্দু।
পটাশি সালফাস : ... ... ৬ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৮ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৬ ঘণ্টান্তর।

৯।১০ বৎসরের বালকদিগের এনকেফেলাইটিস রোগে বৎকালীন সামান্য জ্বর ও অঙ্গ খেঁচন বাগ্‌রোধ মল অপরিস্কার, নাড়ী দুর্ব্বল ও দ্রুতগামী জিহ্বা পরিষ্কার, মূত্র স্বভাবিক বর্ণ ও পরিষ্কার, কনীনিকা সামান্য প্রসারিত মধ্যে মধ্যে কাশী ইত্যাদি বর্ত্তমানে অবস্থানুসারে প্রযোজ্য। এতৎ সহযোগে ঘাড়ে ব্লিষ্টার ও মস্তকোপরি টার্টার এমেটিক মহলম দেওয়া উচিত।

নং ৪৮৯।

এসিড নাইট্রোমিউরেটিক ডিল : ... ২০ বিন্দু।
টিং ক্যানাবিস ইণ্ডিসি : ... ... ১২ বিন্দু।

নাইট্রাক ইথার : ... ... ৩০ বিন্দু।
লাইকর এমোনিয়া এসিটেটিস : ... ২ ড্রাম।
জল : ... ... ২ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ জ্বর সময় একপ্রহর অন্তর।

৫।৬ বৎসরের বালক বালিকাদের অন্য উপসর্গ বিহীন স্বল্পবিরাম জ্বর ক্রমাগত ২৫।২৬দিবস বর্ত্তমানে প্রযোজ্য।

নং ৪৯০।

লাইকর এমোনিয়া এসিটেটিস : ... ৬ ড্রাম।
পটাসি এসিটাস : ... ... ২০ গ্রেন।
ইথার ক্লোরিক : ... ... ১ ড্রাম।
টিং ওপিয়াই : ... ... ২০ বিন্দু।
একোয়া এনিথাই : ... ... ৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা, এক অংশ প্রতি ৩ ঘণ্টা অন্তর সেব্য।

স্বল্পবিরাম জ্বরে মূত্র নলীর আক্ষেপ বশতঃ মূত্র না হইলে, অবস্থানুসারে প্রযোজ্য।

পিত্ত-নিঃসারক ঔষধাবলী।

নং ৪৯১।

এসিড : নাই : মিউ : ডিল : ... ১ ড্রাম।
নাইট্রিক ইথার : ... .. ২ ড্রাম।
এক্সট্রাক্ট ট্যারেক্সেসাই : ... .. ১॥০ ড্রাম।
এমোনি ক্লোরাইডম : ... .. ১॥০ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১অংশ দিবসে ৩ বার।

মেলেরিয়া জ্বর জনিত প্লীহা ও যকৃতের বর্দ্ধিত অবস্থায় পাণ্ডু রোগে প্রযোজ্য। তদ্‌ভিন্ন উক্ত অবস্থায় জ্বর হইলে দেওয়া যায়।

নং ৪৯২।

এসিড হাইড্রোক্লোরিক ডিল :	...		১।০ ড্রাম।
এমোনি ক্লোরাইডম :	...	...	১॥০ ড্রাম।
টিং হেনবেন :	...	... ...	১॥০ আং।
ইনফিউ চিরেতা :	...	...	৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

যকৃৎ স্ফোটক কালীন পাণ্ডু রোগে যকৃৎতের ক্রিয়া বৈষম্য হেতু পাণ্ডু রোগে দেওয়া যাইতে পারে।

নং ৪৯৩।

নাইট্রিক ইথার :	...	...	৪ ড্রাম।
এমোনি ক্লোরাইডম :	...	...	২ ড্রাম।
এসেন্স অব চিরেতা :	..	...	৬ ড্রাম।
টিং ফেরি পার্ক্লোরিডাই :...		...	২ ড্রাম।
একোয়া :	... ...	..	১০॥০ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

মেলেরিয়া জ্বর জনিত প্লীহা ও যকৃতের বিবৃদ্ধাবস্থায় পাণ্ডুরোগে বিশেষ ফলপ্রদ।

নং ৪৯৪।

এসিড : নাই : মিউ: ডিল :	...	১ ড্রাম।
এমোনি ক্লোরাইডম : ...	...	১ ড্রাম।
সককস ট্যারেক্সেসাই :	...	৩ ড্রাম।
টিং একোনিটাই : ..	...	১ ড্রাম।
টিং কার্ডেমোমাই কম : ...	..	১২ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি : ...	..	৫ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

যকৃৎ প্রদাহ জন্য পাণ্ডুরোগে প্রযোজ্য।

নং ৪৯৫।

এক্সট্রাক্ট ট্যারেক্সেসাই : ...	...	১ ড্রাম।
টিং জেন্সিয়ানি কম : ...	..	১॥০ ড্রাম।
ইনফিউ : সেনী :	...	৬ আংশ।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

বিবিধ পাণ্ডুরোগ বর্ত্তমানে মল কঠিন ও মাটির ন্যায় হইলে প্রযোজ্য। এতৎ সহযোগে সোডা ওয়াটার কিম্বা ১০ গ্রেণ মাত্রা সোডি কার্ব্বন ২।১ বার জলের সহিত মিশ্রিত করিয়া সেবন করা উচিত।

নং ৪৯৬।

এমোনি : ক্লোরাইডম : ..	...	১ ড্রাম।
ইনফিউ : চিরেতা : ...	...	৬ ড্রাম।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ৩ বার।

উষ্ণতা বশতঃ পাণ্ডুরোগ হইলে প্রযোজ্য। ঔষধ সেবনের পুর্ব্বে মলভাণ্ড পরিষ্কার করা উচিত।

নং ৪৯৭।

এসিড : নাই : মিউ : ডিল : .. ১ ড্রাম।
এক্সট্রাক্ট ট্যারেক্সেসাই : ... ১ ড্রাম।
ম্যাগ্নিসি সলফাস : ... ... ৩ ড্রাম।
ইনফিউ : ক্যালম্বি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৬ অংশ হইবে। মাত্রা ১ অংশ দিবসে ২।৩ বার।

পাণ্ডু রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

রজোনিঃসারক ঔষধ।

নং ৪৯৮।

পলব; ক্যাম্ফোরা : .. ... ১ ড্রাম।
" ট্রাগেকেন্থি : ... ... ৪ ড্রাম।
" ইপিকাক : ... ... ৮ গ্রেণ।
ওলিয়ম লিমোনিস : ... ... ৮ বিন্দু।

মিশ্রিত কর। এই সমস্ত ৮ পুরিয়া হইবে। মাত্রা ১ পুরিয়া দিবসে ২ বার।

যৌবনের প্রারম্ভে ঋতু পরিষ্কার না হইলে বিধেয়।

নং ৪৯৯।

পাইলুলা রিয়াই কম : .. .. ১০ গ্রেণ।
মর্হা : ... . ১০ গ্রেণ।

ফেরি সলফাস : ... . ৫ গ্রেণ।
ওলিয়ম সেবাইনি : ... ... ২ বিন্দু।

মিশ্রিত কর। এই সমস্ত ১০ বটিকা হইবে। মাত্রা এককালীন ২ বটিকা, দিবসে ২ বার, শয়ন কালে ও প্রাতে সেব্য।

জরায়ুর ক্রিয়ার দৌর্ব্বল্য বশতঃ এমিনোরিয়া রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

নং ৫০০।

এক্সট্রাক্টঃ এলোজ : ... ... ২০ গ্রেণ।
হিঙ্গু : .. .. ১২ গ্রেণ।
ফেরি সালফাস :.. ... ... ১২ গ্রেণ।
ওলিয়ম ক্যারিওয়াইলাম : ... ১০ বিন্দু।

মিশ্রিত কর। এই সমস্ত ১২ বটিকা শয়নকালে সেব্য।

হিষ্টিরিয়া প্রবল রোগিগণের রজঃ পরিষ্কার না হইলে এবং স্থলবিশেষ অন্যান্য কারণ বশতঃ হইলেও বিশেষ প্রয়োজনীয়।

নং ৫০১।

রেজিনা পডোফিলাই : ... .. ৩ গ্রেণ
পাইল্যুলা এলোজ এট মহি : ... ১৫ গ্রেণ।
এক্সট্রাক্ট হেনবেন : ... ... ১২ গ্রেণ

মিশ্রিত কর। এই সমস্ত ৬ বটিকা হইবে। মাত্রা ১ বটিকা শয়ন কালে ব্যবস্থেয় (৩।৪ রাত্রি পর্য্যন্ত দেওয়া বিধি)।

যকৃতের ক্রিয়া বৈলক্ষণ্য হেতু রজঃ সামান্য নির্গত হইলে আবশ্যক।

কৃমিনাশক ঔষধাবলী।

নং ৫০২।

স্যাণ্টোনিন : ... . ৮ গ্রেণ।

সোডি বাইকার্ব্বন : ... ... ৮ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ পুরিয়া হইবে। মাত্রা ১ পুরিয়া দিবসে ২ বার ঔষধ সেবনের পর বিরেচক ঔষধদিলে কৃমি নির্গত হইয়া যায়।

৭।৮ বৎসরের বালকদিগের অন্ত্রে ক্ষুদ্র ক্ষুদ্র কৃমি হইলে প্রশস্ত।

নং ৫০৩।

ক্যালোমেল : ... .. ৮ গ্রেণ।

পলবঃ জালাপ্যা : .. .. ১০ গ্রেণ।

সোডি বাইকার্ব্বনাস : ... ১০ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ পুরিয়া হইবে। মাত্রা ১ পুরিয়া দিবসে ২ বার।

৯।১০ বৎসর বয়স্ক সন্তানদিগের কঠিন মলের সহিত ক্ষুদ্র ক্ষুদ্র কৃমি থাকিলে উপকারী।

নং ৫০৪।

ডিকক্ট গ্রানেটাই রেডিক্স এক আউন্স মাত্রায় দিবসে ৩ বার সেব্য।

লাউদানা কৃমি রোগে অন্ত্র পরিষ্কার করণান্তর প্রযোজ্য।

নং ৫০৫।

স্যান্টোনিন : .. .. ৮ গ্রেণ।

পলব জালাপা : .. .. ২০ গ্রেণ।

ক্যালোমেল : ... ... ১০ গ্রেণ।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ পুরিয়া হইবে। মাত্রা ১ পুরিয়া শয়ন কালে সেব্য।

৮।৯ বৎসরবয়স্ক বালক বালিকা গণের কঠিন মলের সহিত ক্ষুদ্র ক্ষুদ্র কৃমি নির্গত হইলে প্রয়োজনীয়।

বমনকারক ঔষধাবলী।

নং ৫০৬।

ভাইনাম ইপিকাকুয়ানী : .. ১৫ বিন্দু।

পলব ইপিকাক : ... ... ১৪ গ্রেণ।

জল : ... ... ১ ড্রাম।

মিশ্রিত কর। প্রয়োজনানুসারে প্রস্তুত কর, এককালীন সেব্য।

৬ মাসের বালকদিগের ব্রণকাইটিস রোগে শ্লেষ্মা নিঃসরণে কষ্টবোধ হইলে বমনদ্বারা শ্লেষ্মা নিঃসৃত হইয়া উপকার দর্শে।

নং ৫০৭।

টার্টার এমেটিক : ... ... ১ গ্রেণ।

জল : ... ... ৪ আং।

মিশ্রিত কর। এই সমস্ত ৪ অংশ হইবে। মাত্রা ১ অংশ ৩ ঘণ্টান্তর।

প্রবল জ্বরকালীন পাকস্থলী পরিষ্কার করিবার জন্য প্রযুক্ত।

নং ৫০৮।

পলব ইপিকাক : ... ... ১৫—২০ গ্রেণ।

এক পুরিয়া। এককালীন জল দিয়া সেব্য।

পাকস্থলী পরিষ্কার জন্য ব্যবহৃত।

নং ৫০৯।

ক্লোরাইড অব সোডিয়ম :... .. ৪ ড্রাম।

গরম জল : .. .. .. ১ আং।

এই সমস্ত ১ মাত্রা। এক কালে সেব্য।

জ্বরাদি রোগের প্রথমাবস্থায় ও অজীর্ণ বশতঃ পাক-স্থলী অসুস্থ হইলে বমন জন্য প্রযোজ্য।

মালিষ, মহলম, পিচকারী, ধাবন, প্রত্যুগ্রতাসাধক, কুল্লু, স্বেদ, প্রলেপ, সাপোজিটরি, দুর্গন্ধহারক, স্নান, দন্ত-শোধন চুর্ণ।

নং ৫১০।

জিন্‌সাই সালফাস : ... ... ২ গ্রেণ।

একোয়া রোজি : .... ১ আং।

মিশ্রিত কর। লোশন। ২।৩ ফোটা করিয়া দিবসে ২।৩ বার চক্ষুতে দিতে হইবে।

কনজংটাইভাইটিস রোগে অবস্থানুসারে প্রযোজ্য। এতৎ সহযোগে পোস্ত ঢেড়ির স্বেদ দেওয়া আবশ্যক। ইহা ভিন্ন ওজিনা রোগে নাসারন্ধ্র ধৌত করণ জন্য ব্যবহেয়।

নং ৫১১।

জিঙ্কাই সালফাস : ... ... ২ গ্রেণ।

অ্যালুমেন : ... ... ২ গ্রেণ।

একোয়া : ... ... ১ আং।

মিশ্রিত কর। লোসন। ২।৩ ফোটা করিয়া দিবসে ২।৩ বার চক্ষুতে দিতে হইবে।

পিউরিউলেণ্টে কন্‌জংটিভাইটিস রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

এতৎসহ গরম জলে স্বেদ দেওয়া আবশ্যক।

নং ৫১২।

প্লম্বাই এসিটাস : ... ... ৪ গ্রেণ।

জল : ... . ১ আং।

মিশ্রিত কর। লোসন। ২ ফোটা করিয়া দিবসে ১।২ বার চক্ষুতে দিতে হইবে।

পুরাতন কনজংটাইভাইটিস রোগে চক্ষু দিয়া জল নির্গত হইলে প্রযোজ্য।

নং ৫১৩।

আর্জেণ্টাই নাইট্রাস : ... ... ২।৩ গ্রেণ।

একোয়া রোজি : ... ... ১ আং।

মিশ্রিত কর। লোসন। ১।২ ফোটা করিয়া দিবসে ২।৩ বার চক্ষে দিতে হইবে।

বিবিধ কনজংটাইভাইটিস রোগে অবস্থানুসারে প্রযোজ্য। এতৎ সহযোগে টেম্পরেল প্রদেশে ব্লিষ্টার আবশ্যক হইলে দেওয়া উচিত।

রাত্রে রস দ্বারা চক্ষুর পাতার সংযোগ নিবারণ জন্য সামান্য মলম দেওয়া উচিত।

নং ৫১৪।

ভাইনম ওপিয়াই : ... ... ১ ড্রাম।

জল : ... . ১ ড্রাম।

মিশ্রিত কর। লোশন। ২ফোটা করিয়া দিবসে ২।৩ বার চক্ষে দেওয়া যাইতে পারে।

ক্যাটারেল কনজংটাইভিস চক্ষু বেদনায় প্রযোজ্য।

নং ৫১৫।

এট্রোপি সালফাস : ... ... ২ গ্রেণ।

একোয়া : ... ... ১ আং।

মিশ্রিত কর। লোশন। ১ কি দুই বিন্দু করিয়া দিবসে ২বার চক্ষে দিতে হইবে।

আইরাইটিস প্রভৃতি বিবিধ রোগে কনীনিকা প্রসারণার্থ বিধেয়।

নং ৫১৬।

আর্জেণ্টাই নাইট্রাস : ... ... ১ ড্রাম।

একোয়া রোজি : ... . ১ আং।

মিশ্রিত কর। লোশন। তুলিদ্বারা লাগাইতে হইবে।

প্রবল জিহ্বা প্রদাহে (গ্লসাইটিস) প্রযোজ্য। পীড়া হ্রাস হইতে আরম্ভ হইলে মাত্রাও হ্রাস করা কর্ত্তব্য। এভিন্ন ইরিসিপেলাস ও কার্বঙ্কল রোগে পীড়ার অবস্থানুসারে প্রসারণ নিবারণ জন্য প্রয়োগ করা যাইতে পারে।

নং ৫১৭।

আর্জেণ্টাই নাইট্রাস : ... ... ২০ গ্রেণ।

একোয়া ডিষ্টিল : ... .. ১ আং।

মিশ্রিত কর। লোশন। তুলিদ্বারা ক্ষতে লাগাইতে হইবে।

গলনালীতে উপদংশ জনিত ক্ষত হইলে অবস্থানুসারে প্রয়োগ বিধি।

নং ৫১৮।

*পটাশি পারম্যানগাস : ... ... ৩০ গ্রেন।
জল ... ... ১০ আং।

মিশ্রিত কর। লোশন। ইহাকে কণ্ডিস সলিউসান কহে। বিবিধ দুষ্ট ক্ষত ধৌত জন্য ব্যবহৃত।

নং ৫১৯।

টিং আর্ণিসি : ... ... ১ আং।
একোয়া : ... ... ৭ আং।

মিশ্রিত কর। লোশন। এতদ্দ্বারা বিবিধ আভিঘাতিক ক্ষত বা বেদনা ধৌত করিতে বা ভিজিয়া রাখিতে হইবে।

নং ৫২০।

লাইকার প্লম্বাই সব-এসিটেটিস ডিল : ১০ আং।
„ এমোনি এসিটেটিস : ... ১০ আং।
স্পিরিট ক্যাম্ফোরি : ... ... ১ আং।

মিশ্রিত কর। লোশন। বিবিধ বাহ্য প্রদাহে ভিজাইয়া রাখিতে হইবে।

নং ৫২১।

লাইকার প্লম্বাই সব-এসিটেটিস ডিল : ২০ আং।
টিং ওপিয়াই : ... ... ১ ড্রাম।

মিশ্রিত কর। লোশন। বিবিধ আভিঘাতিক বা তরুণ প্রদাহ বশতঃ বেদনায় প্রযোজ্য।

* পারম্যানগানাস পটাশের মৃদু সোলিউশান সর্পাঘাতে হাইপডার্ম্মিক ইঞ্জেকসান রূপে প্রযুক্ত হইয়া বিশেষ ফল দায়ক হইতেছে এবং স্থানিক প্রয়োগেও ব্যবহৃত হয়।

নং ৫২২।

লাইকার এমোনি এসিটেটিস : ... ১ আং।
স্পিরিট : .. .. ১ আং।
একোয়া রোজি : ... ... ১০ আং।

মিশ্রিত কর। লোশন। মস্তিষ্কে রক্তাধিক্য হইলে শৈত্য জন্য মস্তক ভিজাইয়া রাখিতে হইবে। মস্তক মুণ্ডন পর ব্যবস্থা।

নং ৫২৩।

পটাশি নাইট্রাস : ... ... ৫ আং।
এমোনি ক্লোরাইডম : ... ... ৫ আং।
জল .. .. ২০ আং।

মিশ্রিত কর। লোশন। মস্তিষ্কে রক্তাধিক্য হইলে শৈত্য জন্য মস্তকে প্রযোজ্য। মস্তক মুণ্ডন পর ব্যবস্থা।

নং ৫২৪।

লাইকার এমোনি এসিটেটিস : ... ৪ আং।
স্পিরিট রেক্‌টি : ... ... ৪ আং।
জল ... ... ১০ আং।

মিশ্রিত কর। লোশন। তরুণ স্তন-প্রদাহে ধৌত জন্য ব্যবস্থা।

নং ৫২৫।

আইওডাই : .. ... ১॥০ গ্রেণ।
পটাশি আইওডাইড : .. .. ৪ গ্রেণ।
গ্লাইসরাইনম্ : ... .. ১ আং।
একোয়া : .. ... ১ আং।

মিশ্রিত কর। লোশন। এক বিন্দু পীড়িত চক্ষে দিবসে ২ বার।

বিবিধ পুরাতন চক্ষু প্রদাহে অবস্থানুসারে প্রযোজ্য। এতিন্ন ওজিনা রোগে দুর্গন্ধ ও ক্লেদ নিঃসারণ নাশবার্থে জল মিশ্রিত করিয়া পিচকারী দেওয়া যাইতে পারে।

নং ৫২৬।

করোসিব সবলিমেট :	... ...	৬ গ্রেণ।
গ্লাইসরাইনম :	... ...	১ আং।
তিক্ত বাদাম তৈল :	... ...	৪ ড্রাম।
জল	... .	৮ আং।

মিশ্রিত কর। লোশন। বিষ।

বালক বালিকাদের গাত্রে এক প্রকার শ্বেতবর্ণ গোলাকৃতি চর্ম্ম রোগ জন্মে তাহা ধৌত জন্য ব্যবহৃত।

নং ৫২৭।

ক্যালোমেল :	... ...	৩০ গ্রেণ।
একোয়া ক্যালসিস :	... ...	১০ আং।

মিশ্রিত কর। লোশন। বিষ। (ইহাকে ব্লাক ওয়াশ কহে)

তরুণ উপদংশ রোগ ধৌত জন্য বিশেষ উপকারী

নং ৫২৮।

এক্‌ট্রাক্ট বেলাডোনি :	... ...	২০ গ্রেণ।
জিনসাই সালফাস :	.. ...	১০ গ্রেণ।
একোয়া :	... ...	১০ আং।

মিশ্রিত কর। লোশন। বিষ।

(ব্লটিং কাগজে ফিল্টার করিয়া ব্যবহার্য্য)

পুরাতন অপথালমিয়া রোগে ধৌত করিলে উপকার দর্শে।

নং ৫২৯।

কুপ্রাই সালফাস : ... ... ৩ গ্রেণ।

একোয়া : ... ... ১ আং।

মিশ্রিত কর। লোশন।

স্তনে ক্ষত প্রযুক্ত সোর (নালী) হইলে প্রযোজ্য।

নং ৫৩০।

এসিড : ট্যানিক : .. ... ৩০ গ্রেণ।

অঙ্গুয়েণ্টম সিপ্লেস ... ... ১ আং।

মিশ্রিত কর। মহলম।

শীতকালে বা যে কোন সময়ে পদতলে বিদারণ হইলে তৎস্থানে প্রযোজ্য। এতিন্ন বিবিধ পুরাতন ক্ষতে রস নির্গমন হ্রাস করিবার জন্ত ব্যবহৃত।

নং ৫৩১।

এসিড : ট্যানিক : ... ... ৩০ গ্রেণ।

গ্লাইসরাইনম : ... ... ১ আং।

মিশ্রিত কর। মহলম।

গুহ্য ভ্রংশ (প্রোলাপসস এনাই) রোগে মল ত্যাগের পর নির্গত রেকটাম ধৌত করণান্তর উক্তমরূপ লেপিয়া প্রবিষ্ট করিয়া দিলে বিশেষ উপকার হয়। এতিন্ন কর্ণে পূয সঞ্চয় (অটোরিয়া) রোগে দিবসে ২ বার ২।৩ ফোটা করিয়া দেওয়া যাইতে পারে। যদি কর্ণে বেদনা থাকে তবে এক্সাক্ট বেলাডোনি মিশ্রিত করিয়া দিলে উপশম হয়।

নং ৫৩২।

এসিড ট্যানিক : ... ... ১৮ গ্রেণ।

বেনজোয়েটেড লার্ড : ... ... ২২ গ্রেণ।

নং ৫৩৯।

ক্যালোমেল : ... ... ১৫ গ্রেণ।

জিনসাই অক্সাইড। ... ... ১৫ গ্রেণ।

গ্লাইসরাইনম : ... . ॥০ আং।

অঙ্গুয়েণ্ট : সিম্‌প্লেক্স : ... .. ॥০ আং।

মিশ্রিত কর। মহলম। পুরাতন উপদংশ জনিত বিবিধ ক্ষতে বিশেষ উপকারী। যদি গ্লাইসরাইনম মিশ্রিতে জল নির্গত হয় তবে দিবার আবশ্যক নাই।

নং ৫৪০।

হাইড্রার্জ্জিরম আইওডাইড : .. ৪ গ্রেণ।

অঙ্গুয়েণ্ট : সিমপ্লেক্স্ : ... ... ৪ ড্রাম।

মিশ্রিত কর। মহলম। বিষ। প্লীহা যকৃৎ ও অর্ব্বুদা দিতে বাহ্যপ্রয়োগ ব্যবস্থা। যদি লেপনে জ্বালা করে তবে মহলম আর কিছু বেশি মিশ্রিত আবশ্যক। ফোস্কা উৎপাদন স্থলে নিষেধ। আরোগ্যের পর পুনর্ব্বার প্রযোজ্য। তদ্ভিন্ন কোন প্রকারে মস্তিষ্কের রক্তাধিক্য অপসারিত না হইলে মস্তক মুণ্ডনের পর ইহা দেওয়া যাইতে পারে।

নং ৫৪১।

সিট্রেন অয়েণ্টমেণ্ট : ... ... ১ ড্রাম।

চালমুগরা তৈল : ... .. ১২ ড্রাম।

মিশ্রিত কর। মহলম। বিষ। উপদংশ জনিত বিবিধ চর্ম্ম রোগে বিশেষ ফলপ্রদ।

নং ৫৪২।

সিট্রেন অয়েণ্টমেণ্ট ; ... ... ২ ড্রাম।

সিম্পাল অয়েণ্টমেণ্ট : ... ... ১ আং।

এসিড : কার্ব্বলিক : ... ... ৩০ বিন্দু।
নারিকেল তৈল : ... . ৪ ড্রাম।

মিশ্রিত কর। মহলম। বিষ। বালক বালিকাদের গাত্রে এক প্রকার শ্বেত বর্ণ গোলাকৃতি চিহ্ন হয় তাহাতে প্রযোজ্য। এ ভিন্ন বিবিধ চর্ম্ম রোগে ও ক্ষতে ব্যবহার্য্য।

নং ৫৪৩।

অঙ্গুমেণ্ট : আইওডাই : .. .. ৪ ড্রাম।
এক্‌স্‌ট্রাক্ট বেলাডোনি ; .. .. ২ ড্রাম।

মিশ্রিত কর। মহলম। বিষ। বিবিধ পুরাতন বা তরুণ বাতরোগে স্ফীত ও বেদনা নিবারণ জন্য প্রযোজ্য। তদ্ভিন্ন অর্ব্বুদাদি শোষণ জন্য ব্যবহৃত হইয়া থাকে।

নং ৫৪৪।

ক্রিয়েজোটম : ... ... ১ ড্রাম।
অঙ্গুয়েণ্ট সিম্পল : ... ... ১ আং।

মিশ্রিত কর। মহলম। বিষ। একজিমা ও ফেবাসা প্রভৃতি চর্ম্মরোগে ব্যবস্থেয়।

নং ৫৪৫।

বালসেমম অব পেরু। মহলম। বিবিধ পুরাতন দুর্গন্ধ দুষ্ট ক্ষতে বিশেষ ফল দায়ক।

নং ৫৪৬।

এসিড : ক্রাইসেকোনিক : ... ৩০ গ্রেণ।
সিম্পল অয়েণ্টমেণ্ট : ... ... ১ আং।

মিশ্রিত কর। মহলম। বিষ।

দক্র প্রভৃতি বিবিধ চর্ম্ম রোগে ব্যবহৃত এবং বালক বালিকাদের গাত্রে শ্বেতবর্ণ চিহ্ন দৃষ্ট হইলে বিশেষ উপকার পাওয়া যায়।

নং ৫৪৭।

এসিড কার্বলিক : ... .. ১ ড্রাম।
সিম্পাল অয়েণ্টমেণ্ট : ... .. ১৷৷০ আং।

মিশ্রিত কর। মহলম। বিষ॥

বিবিধ পুরাতন ও তরুণ ক্ষতে ব্যবহৃত।

নং ৫৪৮।

এসিড কার্বলিক। ... ... ২ ড্রাম।
গ্লাইসরাইনম বা অলিব অইল : .. ২ আং।

মিশ্রিত কর। মহলম। বিষ।

বিবিধ ক্ষতে ব্যবহৃত।

নং ৫৪৯।

ফেরি সালফাস : ... ... ১৬ গ্রেণ।
একোয়া : ... ... ৬ আং।

মিশ্রিত কর। লোশন। পিচকারী। ১ আউন্স পিচকারী দ্বারা গুহ্য ও যোনি দ্বারে ১ পক্ষ পিচকারী দেওয়া আবশ্যক।

গুহ্য ভ্রংশ ও জরায়ু-ভ্রংশ রোগে ব্যবহৃত।

নং ৫৫০।

টিং ওপিয়াই : ... ... ৩০ বিন্দু।
কাঞ্জি : ... ... ৮ আং।

মিশ্রিত কর। পিচকারী।

অতিসার রোগে অতিশয় বেগ হইলে শয়নকালে প্রয়োজন মত গুহ্যদ্বারে পিচকারী প্রযোজ্য। এতদ্ভিন্ন মূত্র যন্ত্র পাথরি নির্গমন কালে যাতনা হইলে কোটি স্বেদপর গুহ্য-দ্বারে পিচকারী প্রয়োগে আশুফল পাওয়া যায়।

নং ৫৫১।

টিং ওপিয়াই :	...	...	১ ড্রাম।
জিন্‌সাই সালফাস :	...	...	১ ড্রাম।
জল	..	..	... ৪ আং।

মিশ্রিত কর। পিচকারী। বিষ।

অতিসার রোগে অন্ত্রে ক্ষত ও বেদনা সত্ত্বে ১ আউন্স পিচকারী দ্বারা শয়নকালে গুহ্যদ্বারে প্রযোজ্য।

নং ৫৫২।

জিন্‌সাই সালফাস :	...	...	৩০ গ্রেণ।
গ্লাইসরাইনম :	..	...	১ আং।
একোয়া ডিস্‌টিল :	...	...	১০ আং।

মিশ্রিত কর; পিচকারী।

প্রমেহ রোগে দিবসে ২ বার এক আউন্স পিচকারী দ্বারা প্রযোজ্য।

নং ৫৫৩।

পটাশি ক্লোরাস :	..	...	১ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি :	...	..	১২ আং।

মিশ্রিত কর। কুল্য।

পারদ সেবন হেতু দন্ত মাড়িতে ক্ষত ও দন্ত শিথিলাদি হইলে দিবসে ২।৩ বার কুল্য করা উচিত।

নং ৫৫৪।

সোডি বাইবোরাস :	...	..	২ ড্রাম।
গ্লাইসরাইনম :	...	..	১ আং।

মিশ্রিত কর। কুল্য।

এপথা রোগে তুলি দ্বারা মুখক্ষতে প্রযোজ্য। এভিন্ন জল মিশ্রিত করিয়া কুল্য করান উচিত।

নং ৫৫৫।

সোডি সালফিস : .. .. ১ ড্রাম।
একোয়া : ... ... ১ আং।

মিশ্রিত কর। কুল্য।

এপথা রোগে তুলি দ্বারা ক্ষতে প্রযোজ্য। পরে জল কুল্য ব্যবস্থা।

নং ৫৫৬।

টিং ক্যাপসিসাই : .. ... ৬ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি : ... ... ৬ আং।

মিশ্রিত কর। কুল্য।

স্বরভঙ্গ রোগে প্রযোজ্য।

সোহাগার খৈ ... .. ১০ গ্রেণ।
মধু ... . ১ ড্রাম।

মিশ্রিত কর। কুল্য।

বালক বালিকাদের এপথা রোগে প্রযোজ্য।

নং ৫৫৭।

টিং মার্হা : ... . ২ ড্রাম।
এলাম : ... . ২ ড্রাম।
ডিকক্ট সিঙ্কোনি : ... .. ৬ আং।

মিশ্রিত কর। কুল্য।

* দন্ত মাড়ি শিথিল হইলে দিবসে ২ বার কুল্য বিধি।

নং ৫৫৮।

এলাম : ... ... ৪ ড্রাম।
একোয়া রোজি : ... ... ১০ আং।

মিশ্রিত কর। কুল্য।

টন্‌সিলাইটিস রোগে দিবসে ৩ বার বিধি।

নং ৫৫৯।

এসিড ট্যানিক : ... ... ২ ড্রাম।
,, নাইট্রিক : ... ... ২ ড্রাম।
পোর্ট ওয়াইন : ... ... ১॥০ আং।
ডিকক্ট সিঙ্কোনি : ... ... ১২ আং।

মিশ্রিত কর। কুল্য।

প্রথমে ডিকক্ট সিঙ্কোনি দিয়া পরে অন্যান্য ঔষধ মিশ্রন বিধি।

মুখে বিবিধ ক্ষত ও দন্ত মাঢ়ি শিথিল হইলে কুল্য স্বরূপ এবং পুরাতন দুষ্ট ক্ষতে ধৌত রূপে ব্যবহার করিলে বিশেষ ফল দর্শে।

নং ৫৬০।

সোডি বাইকার্ব্বনাস : ... ... ৪ আং।
পপিহেড : ... ... ২ আং।
জল ... ... ৪।৬ গ্যালন।

বাথ। এই সমস্ত জলে সিদ্ধ করিয়া শরীরে সহ্ হয় এমন উষ্ণতাবস্থায় বংক্ষণ পর্য্যন্ত নিমগ্ন করিয়া ৩০।৪০ মিনিট রাখিতে হইবে।

বাধক বেদনায় কাতর হইলে ব্যবস্থা।

নং ৫৬১।

সর্ষপ ... ... ১ আং।
গরম জল ... ... ৩০ আং।

মিশ্রিত কর। বাথ। ঘাম নির্গত না হইলে এই জলে গাত্র মুছাইয়া দিলে সমস্ত নির্গত হইয়া পড়ে।

নং ৫৬২।

ভিনিগার ... ... ১ আং।
জল ... ... ৩০ আং।

মিশ্রিত কর। বাথ।

জ্বর কালে দাহ সত্বে গাত্র মুছাইয়া দিলে ফল দর্শে। ইহা ভিন্ন আমবাত প্রভৃতি রোগে গাত্র মুছাইলে চুলকানি নিবারিত হয়।

নং ৫৬৩।

করবী ফুলের পাতা ... .. ২ আং।
সর্ষপ তৈল ... . ১২ আং।
গন্ধক ... ... ৪ ড্রাম।

মহলম। সর্ষপ তৈলে করবীর পাতা ভাজিয়া শীতল হইলে গন্ধক মিশ্রিত কর।

পাচড়া রোগে সাবান দিয়া ধৌত করণান্তর তুলী দিয়া লেপন ব্যবস্থা।

নং ৫৬৪।

বাবুনা পুষ্প : ... ... ॥০ আং।
নারিকেল তৈল : ... ... ৪ আং।
গন্ধক : ... ... ২ ড্রাম।

মহলম। নারিকেল তৈলে বাবুনা পুষ্প ভাজিয়া শীতল হইলে গন্ধক মিশ্রিত কর।

পাচড়া রোগে সাবান দিয়া ধৌত করণান্তর তুলি দ্বারা লাগাইবার ব্যবস্থা।

নং ৫৬৫।

সোডি কার্ব্বন	...	...	৪ ড্রাম।
নারিকেল তৈল	...	...	২ আং।

মিশ্রিত কর। স্নানের পূর্ব্বে মিশ্রিত করিয়া স্নান বিধি।

চুলকানি প্রভৃতি চর্ম্ম রোগে বিশেষ ফলপ্রদ।

নং ৫৬৬।

এক্সট্রাক্ট বেলাডোনি	...	...	১ ড্রাম।
স্পিরিট	...	...	১ ড্রাম।
জল	...	...	১ ড্রাম।

মিশ্রিত কর। প্রলেপ।

কনীনিকা প্রসারণ ও বিবিধ চক্ষু পীড়ায় বেদনা নিবারণ জন্য অক্ষি গহ্বরের চারি পার্শ্বে প্রলেপ বিধি। ইহা ভিন্ন অন্যান্য স্থানে বেদনা হাঁপানি কাশ ও বক্ষঃস্থলে বেদনা হইলে তুলি দ্বারা প্রলেপ দেওয়া যাইতে পারে।

নং ৫৬৭।

এক্সট্রাক্ট বেলাডোনি :	...	...	১ ড্রাম।
গ্লাইসরাইনম :	...	...	১ আং।

মিশ্রিত কর। প্রলেপ।

স্তন প্রদাহ (ঠুনকো) রোগে দুগ্ধ চোষক হইয়া উপকারী। এভিন্ন ফাইমোসিস রোগে প্রলেপ দিলে উপকারক।

নং ৫৬৮।

ফেরি সালফাস :	...	...	১০ গ্রেণ।
গ্লাইসরাইনম ;	...	...	২ আং।

মিশ্রিত কর। প্রলেপ।

এরিথিমা রোগে জ্বালা নিবারণ জন্য প্রযোজ্য।

নং ৫৬৯।

এক্‌স্‌ট্রাক্ট বেলাডোনি : ...	...	৩০ গ্রেণ।
ওপিয়ম ...	... ...	২০ গ্রেণ।

মিশ্রিত কর। প্রলেপ। ইহাতে মুদ্রা আকৃতি পটী প্রস্তুত হইবে।

শিরঃপীড়ায় টেম্পরেল প্রদেশে প্রযোজ্য।

নং ৫৭০।

লিনিমেণ্ট একোনিটাই : ...	...	৪ ড্রাম।
,, এমোনি : ...	...	১ আং।
,, ক্যাম্ফোরি কম ...	...	১ আং।
,, সেপোনিস ...	...	১ আং।
ক্লোরোফরম ...	...	২ ড্রাম।
ওলিয়ম সিনেপিস ...	...	৬ আং।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

ব্রনকাইটিস, নিউমোনিয়া, যক্ষ্মা, হাঁপানি কাশ প্রভৃতি রোগে বক্ষঃস্থলে মালিষ জন্য ব্যবহৃত।

নং ৫৭১।

লিনিমেণ্ট ক্যাম্ফোরি কম :	...	৪ ড্রাম।
ওলিয়ম সিনেপিস : ...	...	২ আং।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

বালক বালিকাদের বিবিধ ফুস্‌ফুস পীড়ায় মালিষ জন্য প্রযোজ্য।

নং ৫৭২।

লিনিমেণ্ট একোনিটাই :	...	...	২ ড্রাম।
,, বেলাডোনি :	...	...	২ ড্রাম।
,, ওপিয়াই :	...	...	২ আং।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

পার্শ্ব বেদনা (প্লুরোডিনিয়া) ও পেশী বাত প্রভৃতি বাত রোগে গরম জলে স্বেদ করিয়া পরে মালিষ করা ব্যবস্থা।

নং ৫৭৩।

লিনিমেণ্ট বেলাডোনি	...	...	৬ ড্রাম।
,, ওপিয়াই :	...	..	৩ আং।
ক্লোরোফরম :	...	...	৪ ড্রাম।
অইল ক্যাজুপুটি :	...	...	৪ ড্রাম।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

বিবিধ পেশীবাত ও অন্যান্য বিবিধ স্থানে শীতলতা হেতু বেদনা সত্ত্বে মালিষ জন্য ব্যবহৃত।

নং ৫৭৪।

লিনিমেণ্ট স্যাপোনিস :	...	...	১ আং।
টিং আইওডিডাই :	...	...	২ ড্রাম।
ওলিয়ম ক্যাজুপুটি :	..	...	২ ড্রাম।
ক্লোরোফর্ম্ম :	...	...	২ ড্রাম।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

পুরাতন পার্শ্ব বেদনা ও বিবিধ প্রকার পুরাতন বাত রোগে ব্যবস্থেয়। ইহা ভিন্ন গরম জলে ধুতুরা সিদ্ধ করিয়া তাহার স্বেদ দিয়া উক্ত মালিষ ২।৩ বার ব্যবহার্য্য।

নং ৫৭৫।

লাইকার এমোনি :	...	...	১ আং।
লিনিমেণ্ট ক্যাম্ফোরি :	...	...	১ আং।
টিং ক্যান্থারিডিস :	...	...	১ ড্রাম।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

বিবিধ চর্ম্ম রোগে গাত্র বিবর্ণ হইলে প্রত্যুগ্রতা সাধন জন্ম প্রযোজ্য। এভিন্ন দিবসে ২।৩ বার বাত রোগে অবস্থানুসারে মৃদু করিয়া দেওয়া যাইতে পারে।

নং ৫৭৬।

লিনিমেণ্ট ক্লোরোফরম :	..	...	৪ ড্রাম।
,, একোনিটাই :	...	...	৪ ড্রাম।
,, বেলাডোনি :	...	..	৪ ড্রাম।
,, ওপিয়াই :	...	...	৪ ড্রাম।
,, স্যাপোনিস	...	...	১ আং।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

লাম্বেগো, প্লুরোডিনিয়া প্রভৃতি রোগে উৎকট বেদনা হইলে গরম জলের সহিত পোস্ত ঢেড়ি বা ধুতুরার পাতার স্বেদ দিয়া পরে ২।৩ দিবস এই মালিষ ব্যবহারে বিশেষ ফল দর্শে।

নং ৫৭৭।

চালমুগরা তৈল :	...	...	২ আং।
নিম তৈল	... ...	...	২ আং।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

কুষ্ঠ রোগে সাবান ও গরম জলে গাত্র পরিষ্কার করিয়া দিবসে ২ বার প্রযোজ্য।

নং ৫৭৮।

লাইকার প্লম্বাই সবএসিটেট :	...	।৷০ আং।
ক্যাম্ফোরা :	... ...	১৫ গ্রেণ।
মোম :	... ...	২ আং।
নারিকেল তৈল	... ...	৫ আং।

৩ আউন্স নারিকেল তৈল ও মোম মৃদু সন্তাপে গলাইয়া শীতল হইবার কালীন লাইকার প্লম্বাই সব এসিটেট দিয়া শেষে কর্পূর ও বাকি তৈল মিশ্রিত কর।

মহলম। বিষ।

হার্পিজ ও একজিমা প্রভৃতি চর্ম্মরোগে বিশেষ ফলপ্রদ।

নং ৫৭৯।

চিনি	... ...	২ ড্রাম।
কর্পূর	... ...	৩০ গ্রেণ।
একেসিয়া	... ...	২ ড্রাম।
হিঙ্গু :	... ...	১ ড্রাম।

উত্তমরূপ মিশ্রিত কর। বাহ্য চূর্ণ।

দগ্ধ ক্ষতে মক্ষিকা হইতে উৎপন্ন ক্রিমি (মেগোট) নষ্ট জন্য উক্ত চূর্ণ ছড়াইয়া তৈল বা কার্ব্বলিক অইল দ্বারা ড্রেস করা ব্যবস্থা।

নং ৫৮০।

পল্‌ব : রেটানি :	.. ...	১ ড্রাম।
,, মর্হা :	.. ...	১ ড্রাম।
,, ক্রিটি :	... ...	২ আং।
,, ক্যাম্ফোরা :	... ...	১ ড্রাম।
,, ক্যাটিকিউ :	... ...	১ ড্রাম।

মিশ্রিত কর। দন্ত চূর্ণ।

দন্ত মাড়ি শিথিল হইয়া রক্ত নির্গত হইলে দিবসে ২বার দন্ত মঞ্জন ব্যবস্থা।

নং ৫৮১।

গোলমরিচ	...	...	৩০ গ্রেণ।
চক	...	...	১ আং।
কর্পূর;	...	...	২০ গ্রেণ।
তুঁতে	...	...	৩ গ্রেণ।
এসিড কার্বলিক:	...	...	২ বিন্দু।

উত্তমরূপ মিশ্রিত কর। দন্তচূর্ণ।

দন্ত মাড়ি শিথিল ও মুখে দুর্গন্ধ হইলে দিনে ২ বার দন্ত মঞ্জন ব্যবস্থা।

নং ৫৮২।

গুলিয়ম এনাকার্ডিয়ম। বিষ।

শ্বেত কুষ্ঠ (লিউকোর্ডামা) রোগে তৎস্থানে পুন পুনঃ তুলি দ্বারা প্রয়োগের পর পুনঃ পুনঃ ফোস্কা উৎপাদন করিলে আরোগ্য সম্ভব।

নং ৫৮৩।

ক্লোরাইড অব সোডিয়ম:	...	...	১ আং।
উষ্ণ জল:	.. ...	...	১ পাইণ্ট।

মিশ্রিত কর। পিচকারী।

সূত্রখণ্ডবৎ কৃমি রোগে ফলোপদায়ক।

নং ৫৮৪।

কার্পাস ফল।

৪।৫ টি কার্পাস বিকসিত হইবার পুর্ব্বে অর্থাৎ কোমল অবস্থায় অগ্নি সন্তাপ দিয়া তাহার রস ৩।৪ বিন্দু কর্ণের ভিতর প্রবেশ করাও।

পুরাতন অটোরিয়া (কর্ণ কুহর হইতে পুয স্রাব) রোগে বিশেষ ফলপ্রদ।

নং ৫৮৫।

লিনিমেণ্ট ওপিয়াই : ... ... ৪ ড্রাম।
,, ক্যাম্ফোরি কম : ... ৪ ড্রাম।
অইল টেরেবেন্থি : ... ... ২ ড্রাম।
,, অলিভ ... ... ২ আং।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

নিউমোনিয়া ও ব্রনকাইটিস রোগে প্রযোজ্য।

নং ৫৮৬।

লিনিমেণ্ট ক্যালসিস : ... ... ১ আং।
ক্রিয়েজোটম : ... ... ৫ বিন্দু।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

একজিমা রোগে অবস্থানুসারে প্রযোজ্য।

নং ৫৮৭।

টার্টার এমেটিক : ... .. ১৫ গ্রেণ।
সিম্পোল অয়েণ্টমেণ্ট : .. ... ১ আং।

মিশ্রিত কর। বিষ। মহলম।

এনকেফেলাইটিস রোগে মস্তকোপরি মালিষ জন্য বিশেষ উপকারী। ব্রণ ন্যায় উৎপাদন হইলে নিষেধ। উপশমান্তে পুনরায় ব্যবহার্য্য।

নং ৫৮৮।

লিনিমেণ্ট ক্যালসিস্ : ... .. ১ আং।
,, বেলাডোনি : ... ... ½ আং।

মিশ্রিত কর। মালিষ। বিষ।

হস্তপদ অতিশয় জ্বালা করিলে মালিষে বিশেষ ফলপ্রদ।

বিষের লক্ষণ ও সাধারণ চিকিৎসা।

১। উগ্র (Irritant) বিষের লক্ষণ। প্রয়োগের প্রারম্ভে উদরে ও অন্ত্রে বেদনা,বিবমিষা, রক্ত মিশ্রিত বমন, পরে সমস্ত উদরে বেদনা ও চাপ দিলে ঐ বেদনার বৃদ্ধি, বমনের আধিক্য, কুন্থন সহ তরল ভেদ এবং কখন কখন উহা রক্তমিশ্রিত হইতেও দেখা যায়। এতদ্দ্বারা মুখের তলদেশে ও গলদেশে ভয়ানক জ্বালা ও সঙ্কোচন ইহার আনুষঙ্গিক লক্ষণ। নাড়ী প্রথমে দ্রুত, পরে দুর্ব্বল এবং অবশেষে ইহার স্পন্দনের বিশৃঙ্খলতা লক্ষিত হয়। চর্ম্ম প্রথমে উষ্ণ থাকে পরে শীতল ও ঘর্ম্মাক্ত হইয়া অবসাদ ও অঙ্গ খেচনের লক্ষণ প্রকাশের পর মৃত্যু সংঘটিত।

উগ্রবিষ সেবন ব্যতীত ওলাউঠা, প্রবল উদরাময়, অন্ত্র-শূল অন্ত্র বা অন্ত্রাবরণের প্রদাহ, পাকস্থলী বা অন্ত্র বিদারণ অন্ত্রাবরোধ ও ট্রিচিনিয়েসিস প্রভৃতি কতিপয় পীড়াতেও উপরি উক্ত লক্ষণগুলি প্রকাশ পাইতে পারে।

বিষ ভোজন ও পীড়াজন্য লক্ষণের বিভিন্নতা। বিষ ভোজন করিলে কখন বা এক জন কখন বা অনেক জন এককালে উক্ত লক্ষণাক্রান্ত হইয়া থাকে। ওলউঠা এককালে অনেকের হইতে পারে বটে, কিন্তু রক্তমিশ্রিত বমন প্রায়ই দৃষ্টি গোচর হয় না। পাকাশয়ে ও অন্ত্রে প্রদাহ বিষ প্রয়োগ ভিন্ন প্রায়ই দৃষ্টি গোচর হয় না। বিষ প্রয়োগ স্থলে আহারের অব্যবহিত পরে লক্ষণ প্রকাশ পায় বলিয়া কোষ্ঠবদ্ধ না হইয়া ভেদ হইতে থাকে।

সাধারণ চিকিৎসা। স্বাভাবিক বমনের সাহায্যার্থে কেবল উষ্ণ জল পানই যথেষ্ট। অণ্ডলাল, জলের সহিত

ময়দা গুলিয়া বা দুগ্ধ মিশ্রিত করিয়া পান অথবা চার জল উত্তম ব্যবস্থা। যখন উদ্গারিত পদার্থে খাদ্য দ্রব্য মিশ্রিত না থাকিবে তখন অহিফেন প্রযোজ্য। উদরে বেদনা হইলে জলৌকা বা রোগী দুর্ব্বল হইলে সর্ষপের পলস্ত্রা ও উত্তেজক ঔষধ অবস্থানুসারে বিধেয়।

২। মাদক (Narcotics) বিষের লক্ষণ। এই বিষ মস্তিষ্ক ও মেরুদণ্ডের উপর প্রকাশ পাওয়ায় অস্পষ্ট দৃষ্টি, মস্তিষ্কে রক্তাধিক্য ও ঘূর্ণি, কনীনিকা কুঞ্চিত (ধুতুরাতে কেবল কনীনিকা প্রসারিত হয়) ঘোর তন্দ্রা, হতজ্ঞান, অঙ্গ খেচন, কখন কখন পক্ষাঘাত হয়। উগ্র বিষের ন্যায় প্রথমে ভেদ বা বমন হয় না আরোগ্যোন্মুখে বা শেষ অবস্থায় ঘটিয়া থাকে। উদরে বেদনা রহিত, দাঁড়াইতে বা বেড়াইতে কষ্টবোধ, প্রথমে বহুকষ্টে জাগ্রত করা যায় পরে এরূপ হত চৈতন্য হইয়া পড়ে যে কিছুতেই জাগরিত করা যায় না। নাড়ী প্রথমে দ্রুত থাকে ও পরে ক্রমশঃ দুর্ব্বল হয়। চর্ম্ম শীতল, নিশ্বাস উচ্চ ও ঘোর ইহার লক্ষণ। সংন্যাস, মৃগী, মস্তকে রক্তাধিক্য ও জল সঞ্চয় বা আঘাত মূত্রকৃচ্ছ্র অথবা সমধিক শৈত্য প্রভৃতির সহিত মাদক বিষের লক্ষণের অনেক সাদৃশ্য আছে।

চিকিৎসা। বমন না করাইলে বমন হয় না অতএব সর্ষপ পলস্ত্রা প্রয়োগ করিয়া সর্ষপ ও জল ১৫ মিনিট অন্তর প্রযোজ্য কিম্বা উষ্ণ জল বা ষ্টমাক পম্প দ্বারা পাকাশয় পরিষ্কার করা, জাগ্রত রাখা, দুই জনে ধরিয়া বেড়াইয়া বেড়ান, সর্ব্বদা কথোপকথন, উত্তরপ্রাপ্তি স্থলে অনবরত বিরক্ত করা, হস্ত পদে আঘাত দ্বারা সামান্য

বেদনানুভব করান, কেশাকর্ষণ, কিছুতেই জাগরিত করিতে না পারিলে সামান্য মুষ্ট্যাঘাত করা ভাল, যেন তদ্দ্বারা ক্লেশ বোধ না হয়। তাড়িতাঘাৎ কখন নিতম্বে যষ্টি দ্বারা আঘাৎ ও স্ত্রীলোকদের পদতলে আঘাৎ বিধি। পাকস্থলী শূন্য হইলে চার জল প্রচুর পরিমাণে ও ২।১ মাসা খদির দেওয়া যাইতে পারে। রোগী যদি অজ্ঞান হয় তবে যে পর্য্যন্ত মস্তক শীতল না হইবে সে পর্য্যন্ত মস্তকে জলধারা, গাত্র মুছাইয়া সমস্ত শরীর গরম কম্বল দ্বারা আবৃত রাখা ও বমনকারক ঔষধ দ্বারা পাকাশয় পরিষ্কার করা কর্ত্তব্য। ২৪ঘণ্টা জাগ্রত রাখিতে পারিলে প্রায়ই আরোগ্য লাভ হইয়া থাকে। পরে বিরেচক ঔষধ সেবন ও মধ্যে মধ্যে সমস্ত দিন উষ্ণ জল সেবন করান প্রশস্ত।

উগ্র মাদক (Acronarcotic) বিষের লক্ষণ। প্রবল পিপাসা, কণ্ঠনালী ও পাকস্থলীতে বেদনা, বমন, বিরেচন, তন্দ্রা, বিড় বিড় করিয়া প্রলাপ (ডিলিরিয়ম) এবং কখন কখন অঙ্গ খেচন, কখন ধনুষ্টঙ্কার, নিদ্রা অচৈতন্য, অবশেষে মৃত্যু ইহার প্রধান লক্ষণ। অল্প মাত্রায় উগ্র বিষ অধিক মাত্রায় মাদক বিষের ন্যায় কার্য্য করে কিন্তু তাহাদের উগ্র ক্রিয়া প্রায়ই মৃত্যুজনক হয় না।

চিকিৎসা। ইহাদের উগ্র বিষ তত ক্ষতিজনক নহে। ইহাদের সম্বন্ধে মাদক বিষ অপেক্ষা অধিক উত্তেজক ঔষধের আবশ্যক হইয়া থাকে। অনেক স্থলে চার জল ও খদির বিশেষ উপকারী। তদ্ভিন্ন এই শ্রেণীস্থ প্রত্যেক বিষের বর্ণনা স্থলে চিকিৎসা সম্বন্ধে আরও অধিক করিয়া বলা যাইবে।

বিষের শ্রেণী বিভাগ।

- ১। উগ্রবিষ(Irritants)
  - ১। অম্ল .. ..
    - আকরিকাম্ল
      - এসিড সালফিউরিক।
      - ,, নাইট্রিক।
      - ,, হাইড্রোক্লোরিক।
      - ,, নাইট্রোহাইড্রোক্লোরিক।
    - ঔদ্ভেদিকাম্ল
      - এসিড এসেটিক
      - ,, টার্টারিক।
      - ,, অক্‌জেলিক।
    - ফস্ফোরাস।
  - ২। ক্ষার ও তাহাদের লবণ
    - এমোনিয়া, পটাশ, সোডা, এবং তাহাদের কার্বনেট, নাইট্রেট, সাল্‌ফেট এবং বাই টার্ট্রেট অব পটাশচূর্ণ, বেরাইটা এবং তাহাদের লবণ।
  - ৩। ধাতব যৌগিক বিষ
    - আর্সেনিক।
    - মার্কিউরি (পারদ)
    - লেড (সীস)
    - কপার (তাম্র)
    - এণ্টিমোনিয়েল কম্পাউণ্ডস।
    - জিঙ্ক, সিল্‌ভার, টিন, বিস্‌মথ, ক্রোম ও আয়ার্ণ।
  - ৪। ঔদ্ভেদিক ও জান্তব উগ্র বিষ।
  - ৫। উগ্র গ্যাস।

২। মাদক (Narcotics)

১। ওপিয়াম।
২। হাইড্রোসিয়ানিক এসিড।
৩। নাইট্রোবেনজোল, এনিলাইন।
৪। ক্লোরোফরম, ইথার, এমিলিন।
৫। এলকোহল।
৬। হেনবেন, লেটিউস, ওপিয়াম, নাইটশেড।
৭। নার্কটিক গ্যাসেস।

৩। উগ্রমাদক (Acro-narcotics)

১। নাক্সভমিকা, ক্রুসিয়া, ষ্ট্রিকনিয়া।
২। বেলাডোনা, একোনাইট, ষ্ট্রামোনিয়াম, কলচিক, হেলিবোর।
৩। ডিজিটেলিস, টোবেকো, লোবেলিয়া, ইনফ্লাটা, ক্যাম্ফোরি।
৪। হেমলক, ককিউলাস ইণ্ডিকাস, ডার্ণেল সিডাস।
৫। লেবারনাম, ইউ।
৬। আর্গট অব রাই, পইজনাস ফানজি।

বিষ ভক্ষণের সংক্ষিপ্ত চিকিৎসা।

নং ১। আকরিক অম্ল।

এসিড নাইট্রিক
,, হাইড্রোক্লোরিক
,, সালফিউরিক
,, মিশ্রিত
} ... ...

চিকিৎসা। কার্বনেট অব সোডা, বাইকার্ব্বনেট অব সোডা, কার্ব্বনেট অব ম্যাগ্নেসিয়া, ক্যালসাইণ্ড, ম্যাগ্নে-সিয়া, দুগ্ধ বা মণ্ডের সহিত সেব্য। চূণ, চা খড়ি, সাবান মিশ্রিত জল, মণ্ড, ময়দা গোলা, লিনসিড টি, বার্লি, অলিভ অইল, আটা এবং অভাবে জলমিশ্র চূর্ণীকৃত দেওয়ালের চূণ, ল্যাজিমাটী, কদলী বা নারিকেল পত্র ভস্ম বিধেয়।

উদরের প্রদাহ নিবারণার্থ অহিফেণ, স্নিগ্ধ পানীয় এবং বাহ্য প্রয়োগ জন্য জলৌকা ও পুল্টিস আদি প্রযোজ্য।

বাহ্য প্রদেশস্থ কোন স্থান দগ্ধ হইলে সাবান মিশ্রিত জলে ধৌত ও অলিভ অইল, লিনিমেণ্ট ক্যালসিস প্রভৃতি প্রয়োগ বিধি।

যদি ফসেস স্ফীত হইয়া শ্বাস রোধের উপক্রম হয়, তবে ট্রেকিওটমি করা উচিত।

ষ্টমাকপম্প নিষেধ।

নং ২। ঔদ্ভেদিক অম্ল।

ক। অক্জেলিক এসিড
বাইনক্জেলেট অব পটাশ
} ... ...

চিকিৎসা। ষ্টমাক পম্প (আবশ্যক হইলে নতুবা সাবধানে প্রযোজ্য) সলফেট অব জিঙ্ক বা ইপিকাক দ্বারা বমন অথবা খড়ি বা ম্যাগ্নেসিয়া গঁদ মিশ্রিত জল সেবনান্তর গলায় অঙ্গুলি দিয়া বমন ও তৎপরে মণ্ড ও সিদ্ধ পান উপাদেয়। অভাবে দেওয়ালের চূর্ণ জল মিশ্রিত করিয়া সেব্য, সোডা, ও তাহাদের কার্ব্বনেট প্রভৃতি ক্ষার সেবন নিষেধ কারণ উহাদের মিশ্রণে বিবিধ বিষাক্ত লবণ উৎপন্ন হয়।

খ। এসিড এসেটিক—ক্ষার ঔষধই সমধিক প্রশস্ত।

গ। এসিড টার্টারিক—সোডা ম্যাগ্নেসিয়া প্রভৃতি ক্ষারীয় দ্রব্য।

নং ৩। ক্ষার (এলকেলিস)।

এমোনিয়া, পটাশ, সোডা এবং তাহাদের কার্ব্বনেট সকল—জল মিশ্রিত ভিনিগার উৎকৃষ্ট বিষয়, লেবুর রস, অম্লাক্ত যব মণ্ড, গঁদ অলিব অইল, ইহাতে ক্ষার মিশ্রিত হইলে সাবানে পরিণত হয়।

নং ৪। উপধাতব।

চিকিৎসা।

ফস্ফরাস—এই বিষ নাশার্থ কোন বিশেষ ঔষধ নাই। মণ্ড সেবনান্তর ষ্টমাক পম্প দ্বারা সমস্ত বাহির করিয়া দেওয়া ও বমনের বৃদ্ধি করা শ্রেয়; এবং ম্যাগ্নেসিয়া বা তৎসহ জান্তব অঙ্গার গঁদ বা এলবিউমিন সহিত প্রচুর পরিমাণে সেব্য। তৈল সেবন নিষেধ।

নং ৫।

আইওডিন ও আইওডাইড অব পটাশ—গোধুম, আরারুট, সাগু ও মণ্ড প্রভৃতি সেবনান্তর ষ্টমাক পম্প,

বমনকারক ঔষধ বা উষ্ণ জল দ্বারা বমন বৃদ্ধি করা কর্ত্তব্য। যে পর্য্যন্ত বমিত পদার্থে আইওডিন ও ষ্টার্চ মিশ্রিত নীল বর্ণ লক্ষিত হইবে সে পর্য্যন্ত বমন করাইবে।

নং ৬।

নাইট্রেট সালফেট এবং এসিড টার্টেট অব পটাশ—ইহাদের উত্তম বিষঘ্ন নাই, তবে বমনকারক ঔষধ ও স্নিগ্ধ কারক পানীয় সেবন বিধি।

নং ৭।

ব্যারাইটা এবং তাহার লবণ সকল—সালফেট অব সোডা বা সালফেট অব ম্যাগ্নেসিয়া কিম্বা কোন পার্থিব সালফেট এবং বমন করণার্থ বমনকারক ঔষধ প্রয়োগ বা ষ্টমাক পম্প ব্যবহারই সদ্যুক্তি।

নং ৮।

আর্সেনিক ও তদ্ঘটিত বিবিধ ঔষধ—ষ্টমাক পম্প ও বমনকারক ঔষধের অভাবে উষ্ণ জল, দুগ্ধ বা তৈলাদি সেবনান্তর গলায় অঙ্গুলি দিয়া বমন করাই প্রশস্ত, বমনকারক ঔষধের মধ্যে সর্ষপই উৎকৃষ্ট। পাকাশয় পরিষ্কৃত হইলে অণ্ডের শ্বেতাংশ উষ্ণ দুগ্ধ এবং চূণের জল ব্যবহার্য্য। এরণ্ড তৈল ২ আউন্স অন্ত্র পরিষ্কার করিবার একটি উপাদেয় ঔষধ। বিষ নাশার্থে জান্তব অঙ্গার, ক্যাল-সাইণ্ড ম্যাগ্নেসিয়া, ময়েষ্ট পার-অক্সাইড অব আয়রণ বা এক টেবল স্পুনফুল মাত্রায় হাইড্রেটেড সেসকুই অক্সাইড অব আয়রণ পুনঃ পুনঃ সেবন বিধি।

অবসন্নাবস্থায় উত্তেজক ঔষধ এবং অহিফেণ ও তৎসঙ্গে শীতল জলের ছাঁইট এবং কৃত্রিম শ্বাসক্রিয়া ফলোপদায়ী।

প্রদাহ নিবারণার্থ অহিফেন হেনবেন বা কোনিয়াই এবং পাকাশয়ের উপর জলৌকা প্রযোজ্য।

ধনুষ্টঙ্কারের লক্ষণ লক্ষিত হইলে ক্লোরোফর্ম্ম প্রশস্ত।

নং ৯। ধাতব।

পারদঘটিত ঔষধ, রসকর্পূর (করোসিব সবলিমেট) ... এলবিউমেন মিশ্রিত পানীয়, আবশ্যক হইলে ইপিকাক বা ষ্টমাক পম্প প্রযোজ্য। ডিম্বের শ্বেত ও হরিদ্রা অংশ দুগ্ধ সহ প্রচুর পরিমাণে ব্যবস্থেয় এবং ময়দার সূক্ষ্ম চূর্ণ জল বা দুগ্ধ মিশ্রিত হইলে উপকারী, এবং পানীয় মধ্যে বরফ ও বিবিধ স্নিগ্ধ পানীয়।

ফটকিরি ও মার্হা, ট্যানিন, সোহাগা, ক্লোরিনেটেড সোডা প্রভৃতির কুল্য ফলোপদায়ক।

লালা নির্গমন হ্রাস জন্য ক্লোরেট অব পটাশ চোষ্য বা আইওডাইড অব পটাশ বিশেষ উপাদেয় সেব্য ঔষধ।

নং ১০। ধাতব।

সীস ও তদ্ঘটিত লবণ ... সলফেট অব ম্যাগ্নেসিয়া বা সোডা, দুগ্ধ, দুগ্ধ ও ডিম্বের শ্বেতাংশ, বমনকারক ঔষধ বা ষ্টমাক পম্প ব্যবহার এবং ক্রোটন অইল বা ক্যাষ্টর অইল মিশ্রিত গুহ্যদ্বারে পিচকারী দ্বারা অন্ত্র পরিষ্কার রাখা কর্ত্তব্য।

পুরাতন অবস্থায় ক্রোটন অইল, ক্যাষ্টর অইল এবং অহিফেন দ্বারা বিরেচন, সাল্‌ফিউরিক এসিড ডিল সহ সলফেট অব ম্যাগ্নেসিয়া এবং গুহ্যদ্বারে গরম জলের পিচকারী, গন্ধকাবহ ও অহিফেন এবং পটাশ আইওডাইড অতি উত্তম ঔষধ।

নং ১১। ধাতব।

তাম্রঘটিত লবণ (তুত্তে) ... ... স্বভাবত বমন না হইলে গরম জল সেবন দ্বারা বমন বৃদ্ধি কর। এলবিউমেন ইহার একমাত্র ঔষধ অতএব দুগ্ধ ও লালবৎ জলীয় উত্তম পেয়।

নং ১২। রসাঞ্জন ধাতু।

(ক) (টার্টারেটেড এণ্টিমনি) ... ... বমন না হইলে দুগ্ধ, দুগ্ধ ও জল, তৈলাক্ত বা মেদ সংযুক্ত গরম জল সেবন দ্বারা বমন বৃদ্ধি কর। ডিককৃসান অব ওক বার্ক, মাজুফলের ক্বাথ, চিনি শূন্য চার জল, গ্যালিক ও ট্যানিক এসিড, পলব : বা টিং সিঙ্কোনি এবং টিং গ্যালি উৎকৃষ্ট ঔষধ॥ এভিন্ন অন্ত্রের বেদনা নিবারণ জন্য অহিফেন প্রশস্ত।

(খঁ) ক্লোরাইড অব এণ্টিমনি .. .. দুগ্ধ সহ ম্যাগ্নেসিয়া,চা, ডিকক্ট অব ওকবার্ক ও গ্যালিক এসিড ফলদায়ক।

নং ১৩।

সলফেট অব জিঙ্ক }...দুগ্ধ বা মণ্ড পান করিয়া বমনের
ক্লোরাইড অব জিঙ্ক } সাহায্য কর্ত্তব্য। এণ্টিমনির বিষয়ের ন্যায় ট্যানিন সম্বন্ধীয় ঔষধ ব্যবহার্য্য।

নং ১৪।

রৌপ্য ঘটিত লবণ }... বমন না হইলে বমন বৃদ্ধি কর।
আর্জেন্টাই নাইট্রাস } ঔষধের মধ্যে অধিক জল মিশ্র ভক্ষ্য লবণ, স্নিগ্ধ পানীয় ও অণ্ডলাল এবং যাতনা নিবারণার্থ অহিফেন ব্যবহার্য্য।

নং ১৫।

সলফেট অব আয়রণ—ম্যাগ্নেসিয়া ও শীতলজল প্রযোজ্য।

নং ১৬।

প্রাণাজ ও ঔদ্ভেদিক উগ্র বিষ সমূহ }...বমন বৃদ্ধি ও বিরেচন, গঁদের জল, মণ্ড ও লিনসিড টি সেবন গরম জলে স্নান, অহিফেন ব্যবহার এবং শীতল এনিমা ফলপ্রদ। তদ্ভিন্ন ক্যান্থারাইডিস দ্বারা বিষাক্ত হইলে তৈল ত্যাগ করিতে হইবে।

নং ১৭।

উগ্র গ্যাস ... মুক্ত বায়ু পূর্ণ স্থানে স্থাপন, শীতল জলের ছাট ও কৃত্রিম শ্বাস প্রশ্বাস ক্রিয়া বিশেষ উপকারী।

নং ১৮।

অহিফেন.. সলফেট অব জিঙ্ক, সলফেট অব কপার, মাষ্টার্ড ও উষ্ণ জল সেবনান্তর গলায় অঙ্গুলি দিয়া বা ষ্টমাক পম্প দ্বারা পাকস্থলী পরিষ্কার করা কর্ত্তব্য। সেবন করিতে অক্ষম হইলে বমনকারক ঔষধের এনিমা প্রযোজ্য। নিদ্রা যাওয়া নিষেধ, হস্ত পদ, মস্তক ও বক্ষঃদেশে অনবরত জলের আছার মার। হস্ত ধরিয়া পরিক্রমন, ভিজে তোয়ালে দ্বারা আঘাৎ, মেরুদণ্ডে ইলেকট্রো-মেগ্নেটিক প্রয়োগ এবং উদর পরিষ্কার করণান্তর কাফি ও মাজুফলের ক্বাথ সেবন করাও।

অবসন্নাবস্থায় এমোনিয়া, ব্রাণ্ডী সেবন, বক্ষে ও পদে মাষ্টার্ড প্লষ্টার প্রয়োগ এবং কৃত্রিম শ্বাস প্রশ্বাস ক্রিয়া কর্ত্তব্য।

কেহ কেহ টিং বেলাডোনিকে অহিফেনের বিষঘ্ন বলিয়া সপ্রমাণ করিয়াছেন।

মাদকতা নিবারণ জন্য কেহ কেহ সির্কা বা জম্বির রস ব্যবহার করেন।

নং ১৯।

হাইড্রোসিয়ানিক এসিড ... .. ইহার উত্তম বিষঘ্ন নাই। মুখে শীতল জলের ছাট, মস্তকে ও পৃষ্ঠে শীতল জলধারা, কৃত্রিম শ্বাস ক্রিয়া, শ্বাস দ্বারা এমোনিয়ার ঘ্রাণ গ্রহণ, উদরে ও বক্ষে উত্তেজক মালিষ উপকারী। ক্লোরিন ও মিশ্রিত অক্সাইড অব আয়রণ প্রশংসীয়। প্রবল অবস্থায় বমন হইয়া উপকার দর্শিলে ব্রাণ্ডি ও ষ্ট্রং কফি ব্যবহার্য্য।

বিষ নাশার্থ কার্ব্বনেট অব পটাস ২০ গ্রেণ ১ আউন্স জলে সেবন করাইয়া পরে হিরাকশ ১০ গ্রেণ, টিং. ফেরি-পার্ক্লোরাইড ১ ড্রাম জল ১ আং অবিলম্বে সেব্য।

নং ২০।

নাইট্রো-বেনজোল (এসেন্স অব মিরবেন তিক্তবাদামেরকৃত্রিমতৈল) এনাইলাইন	কফি, ব্রাণ্ডি, এমোনিয়া, টার্পে-ণ্টাইন এনিমা শীতল জলের ছাট গ্যালবানিজম ও কৃত্রিম শ্বাস প্রশ্বাস কর্ত্তব্য। কোন পরি-

চিত বিষঘ্ন ঔষধ নাই তবে প্রথমাবস্থায় জান্তব অঙ্গার ব্যবহার্য্য।

নং ২১।

ক্লোরোফরম এবং ইথার—উদরস্থ হইলে ষ্টমাক পম্প ব্যবহার্য্য। ঘ্রাণ দ্বারা বিষাক্ত হইলে কৃত্রিম শ্বাস প্রশ্বাস পরিষ্কৃত বায়ুতে স্থাপন, শীতল জলের ছাট ও গ্যালবানিজম প্রশস্ত।

নং২২।

এলকোহল (সুরা) ষ্টমাক পম্প বা সলফেট অব জিঙ্ক দ্বারা বমন, মস্তকে শীতল জলধারা, মুখে শীতল জলের ছাট, লাইকার এমোনিয়া এসিটেটিস নিয়ম মত জলের সহিত সেবন, কর্ণ বিবরে শীতল জলের পিচকারী, বক্ষে ও পদে মাষ্টার্ডের প্লষ্টার উপকারী; এতৎসহ উত্তেজক ও বলকারক ঔষধ এবং দুগ্ধ পান বিধেয়। মস্তিষ্কে রক্ত থাকিলে জলৌকা প্রয়োগ করা উচিত।

নং ২৩।

হেনবেন,লেটিউস ওপিয়াম এবং নাইট শেড—বমনকারক ঔষধ ও বিরেচনার্থ পূর্ণ মাত্রায় ক্যাষ্টর অইল বিধেয়।

নং ২৪।

নিউসিস ভমিসি, ষ্ট্রিকনি, ও ক্রসিয়া—ষ্টমাক পম্প প্রয়োগ বমনকারক ঔষধ ব্যবহার, বিরেচক পিচকারী, অলিভ অইল ও জান্তব অঙ্গার ব্যবস্থেয়, উত্তেজক ও ঘর্ম্মকরণ সুস্থিরভাবে শয়ন এবং পূর্ণ মাত্রায় হাইড্রেট অব ক্লোরাল উপাদেয় ঔষধ। ক্লোরোফর্ম্ম দ্বারা অঙ্গ খেচন নিবারণ বিধেয়।

ট্যানিক এসিড এবং আইওডাইড অব পটাশ জল ষ্ট্রিকনাইনকে অধঃপাতিত করে; অঙ্গার উহাকে শোধিত এবং নিকোটিন ও কোনিয়ম ইহার বিষ নষ্ট করে বলিয়া অনেকেই অনুমোদন করিয়া থাকেন।

নং ২৫।

মাদক গ্যাস—কৃত্রিম শ্বাস ক্রিয়া ও শীতল জলের ছাট বিধেয়।

নং ২৬।

বেলাডোনি—বমনকারক ঔষধ, মর্ফিয়া এরণ্ড তৈলের বিরেচক ও জান্তব অঙ্গার ব্যবস্থেয়,

নং ২৭।

একোনাইট—বমনকারক ঔষধ, এরণ্ড তৈলের বিরেচক জান্তব অঙ্গার, এমোনিয়া, ব্রাণ্ডি, ষ্ট্রং কফি গরম তৈল দ্বারা গাত্র মার্জ্জন ও কৃত্রিম শ্বাস ক্রিয়া ব্যবস্থেয়।

নং ২৮।

ডিজিটেলিস—বমনকারক ঔষধ, এরণ্ড তৈলের বিরেচক, চার জল, ডিককৃসান ওকবার্ক, টিং গ্যালি, ট্যানিক এসিড, ও জল এবং কফি ও ব্রাণ্ডি বিশেষ ফলদায়ক।

মাত্রাবলী।

Acacia gummi — একেশিয়া গমাই ... ... গ্রেণ ৩০—৬০ গ্রেণ।
Acetum (Vinegar) — এসিটম (সির্কা) ... ... ড্রাম ১—২ ড্রাম।
Acetum Scillæ — ,, সিলী ... ... বিন্দু ১৫—৪০ বিন্দু।
Acidum Aceticum dilutum — এসিডম এসিটিকম ডাইলিউটম ... ড্রাম ১—২ ড্রাম।
Acidum Arseniosum — ,, আর্সেনিওসম(সিমুলক্ষার) ... গ্রেণ $\frac{১}{৬০}$—$\frac{১}{১২}$ গ্রেণ।
,, Benzoicum — ,, বেনজোইকম ... ... গ্রেণ ১০—১৫ গ্রেণ।
,, Carbolicum — ,, কার্বলিকম ... ... গ্রেণ ১—৩ গ্রেণ।
,, Citricum — ,, সাইট্রিকম ... ... গ্রেণ ১০—৩০ গ্রেণ।
,, Gallicum — ,, গ্যালিকম ... ... গ্রেণ ২—১০ গ্রেণ।
,, Hydrochloricum dilutum — ,, হাইড্রোক্লোরিকম ডাইলিউটম (জলমিশ্র লবণ দ্রাবক) ... বিন্দু ১০—৩০ বিন্দু।
,, Hydrocyanicum dilutum — ,, হাইড্রোসিয়ানিকম ডাইলিউটম মিং ২—৮ মিনিম।
,, Nitricum dilutum — ,, নাইট্রিকম ডাইলিউটম (জলমিশ্র যবক্ষার দ্রাবক) ... ... মিং ১০—৩০ মিং।

Acid:Nitro-Hydrochlori dil	এসিডঃ হাইড্রোক্লোরিক ডাইলিউটম	মিং ৫—২০ মিং।
,, Oxalicum	,, অক্জ্যালিকম ...	... ব্যবহার নাই।
,, Phosphoricum Dilutum	,, ফস্ফরিকম ডাইলিউটম	... মিং ১০—৩০ মিং।
,, Sulphuricum Aromaticum	,, সলফিউরিকম এরোমেটিকম...	মিং ৫—৩০ মিং।
,, Sulphuricum Dilutum	,, ,, ডাইলিউটম(জলমিশ্র গন্ধক)	মিং ৫—৩০ মিং।
,, Sulphurosum	,, সালফিউরোজম ...	... ড্রাম ½—১ ড্রাম।
,, Tannicum	,, ট্যানিকম... ...	... গ্রেণ ২—১০গ্রেণ।
,, Tartaricum	,, টার্টারিকম (দ্রাক্ষাম্ল)	... গ্রেণ১০—৩০গ্রেণ।
Aconitum	একোনাইটম	... ব্যবহার নাই।
Æther	ইথার	... মিং ২০—৬০ মিং।
,, Aceticus	,, এসেটিকস ...	... মিং ২০—৬০ মিং।
Aloe Barbadensis	এলো বার্বাডেন্সিস ...	... গ্রেণ ২—৬ গ্রেণ।
Aloe Socotrina	এলো সকট্রাইনা ..	... গ্রেণ ২—৬ গ্রেণ।
Alumen	এল্যুমেন (ফটকিরি) ...	... গ্রেণ১০—২০গ্রেণ।
Ammoniæ Benzoas	এমোনি বেনজোয়াস ...	... গ্রেণ ১০—২০গ্রেণ।
Carbonas	,, কার্বনাস ...	... গ্রেণ ৩—১০ গ্রেণ।

Ammoniæ Nitras	এমোনি নাইট্রাস	স্ক্রুঃ ১—২ স্ক্রুঃ।
,, Phosphas	,, ফসফাস	গ্রেণ ৫—২০ গ্রেণ।
Ammonii Bromidum	এমোনিয়াই ব্রোমাইডম	গ্রেণ ২—২০ গ্রেণ।
Ammonii Chloridum	এমোনিয়াই ক্লোরাইডম (নিসাদল)...	গ্রেণ ৫—২০ গ্রেণ।
Ammoniacum	এমোনিয়েকম	গ্রেণ ৫—৩০ গ্রেণ।
Amil Nitris	এমিল নাইট্রিস...	মিং ২—৫ মিং।
Antimonii Oxidum	এণ্টিমোনিয়াই অক্সিডম	গ্রেণ ১—৪ গ্রেণ।
,, Potassio-Tartras	,, পটাসিও টার্টাস	গ্রেণ ১/১৬—১/৬ গ্রেণ।
,, Sulphuratum	,, সালফিউরেটম	গ্রেণ ১—৫ গ্রেণ।
Aqua Anithi	একোয়া এনিথাই	আং ১—২ আং।
,, Camphoræ	,, ক্যাম্ফোরি (কর্পূরের জল) ...	আং ১—২ আং।
,, Carui	,, কাকই(বিলাতী জিরার জল)...	আং ১—২ আং।
,, Chloroformi	,, ক্লোরোফর্মাই	আং ১/২—২ আং।
,, Cinnamomi	,, সিনেমোমাই(দারুচিনির জল...	আং ১—২ আং।
,, Floris Aurantii	,, ফ্লোরিস অরেন্সিয়াই(কমলাপুষ্পেরজল)	আং১—২আং
,, Fæniculi	,, ফেনিকিউলাই	আং ১—২ আং।

Aqua Laurocerasi	একোয়া লারোসিরেসাই...	... মিনিম্ ৫—৩০ মিং।
,, Menthæ Piperitæ	,, মেন্থি পিপরিটি ...	... আং ১—২ আং।
,, Viridis	,, মেন্থি বিরিডিস(পুদিনার জল)	আং ১—২ আং।
,, Pimentæ	পাইমেণ্টি	... আং ১—২ আং।
,, Rosæ	,, রোজি (গোলাপ জল)	... আং ১—২ আং।
,, Sambuci	,, স্যাম্বিউসাই ...	... আং ১—২ আং।
Areca	এরেকা (সুপারি) ...	... আং ১/২—১/৪ আং।
Argenti Nitras	আর্জেণ্টাই নাইট্রাস ...	... গ্রেণ ১/৬—১/২ গ্রেণ।
,, Oxide	,, অক্সাইড... ...	... গ্রেণ ১/২—২ গ্রেণ।
Arnicæ Radix	আর্ণিসি রেডিক্স ...	... গ্রেণ ৫—২০ গ্রেণ।
Assafœtida	আসাফিটিডা (হিঙ্গু) ...	... গ্রেণ ৫—২০ গ্রেণ।
Azadirachtæ	এজাডিরেক্টি ...	... ড্রাম ১
Balsamum Peruvianum	বালসেমম পিরুবিয়ানম ...	... মিং ১০—১৫ মিনিম।
,, Tolutanum	,, টোলুটেনম ...	... মিং ১০—২০ মিং।
Barii Chloridum	বেরিয়াই ক্লোরাইডম ...	... গ্রেণ ১/২—২ গ্রেণ।
Bearberry leaves	বেয়ারবেরি লিবস ...	... গ্রেণ ১০—২০ গ্রেণ।

Beberiæ sulphas	বেবিরাই সালফাস ...	... গ্রেণ ১—১০ গ্রেণ।
Belladona	বেলাডোনা	... গ্রেণ ১—২ গ্রেণ।
Benzoinum	বেনজোইনম ...	... গ্রেণ ১০—২০ গ্রেণ।
Bismuth subnitras	বিস্মথ সবনাইট্রাস ...	... গ্রেণ ৫—২০ গ্রেণ।
,, Carbonas	,, কার্ব্বোনাস ...	... গ্রেণ ৫—১০ গ্রেণ।
,, Oxidum	,, অক্সিডম ...	... গ্রেণ ৫—১৫ গ্রেণ।
,, Tannas	,, ট্যানাস ...	... গ্রেণ ২০—৩০ গ্রেণ।
,, Valerianus	,, বেলিরিয়েনাস ...	... গ্রেণ ½—২ গ্রেণ।
Borax	বোরাক্স (সোহাগা) ...	... গ্রেণ ৫—৪০ গ্রেণ।
Buchu folia	বুকু ফোলিয়া ...	... গ্রেণ ২০—৪০ গ্রেণ।
Calabar Bean	কালেবার বিন ...	... গ্রেণ ১—৩ গ্রেণ।
Calcii chloridum	ক্যালসিয়াই ক্লোরিডম ...	... গ্রেণ ১০—২০ গ্রেণ।
Calcis carbonas	ক্যালসিস কার্ব্বনাস ...	... গ্রেণ ১০—৬০ গ্রেণ।
,, ,, Precipitata	,, ,, প্রেসিপিটেটা	... গ্রেণ ১০—৬০ গ্রেণ।
,, Hypophosphis	,, হাইপোফসফিস ...	... গ্রেণ ৫—১০ গ্রেণ।
,, Phosphas	,, ফসফাস ..	... গ্রেণ ১০—২০ গ্রেণ।

Calomelas	ক্যালোমেলাস ...	পরিবর্ত্তক গ্রেণ ১—৩ গ্রেণ বিরেচক গ্রেণ ৫—১০ গ্রেণ ক্রমিনাশক পিত্তনিঃসারক।
Calumbæ Radix	ক্যালম্বি রেডিক্স ...	... গ্রেণ ৫—২০ গ্রেণ।
Cambogia	ক্যাম্বোজিয়া ...	... গ্রেণ ১—৪ গ্রেণ।
Camphora	ক্যাম্ফোরা (কর্পূর) ...	... গ্রেণ ১—১০ গ্রেণ।
Cantharis	ক্যান্থারিস ...	... গ্রেণ ১—২ গ্রেণ।
Capsici Fructus	ক্যাপ্সিসাই ফ্রুক্টস (লঙ্কামরিচ) ...	গ্রেণ ½—১ গ্রেণ।
Carb-animalis Purificatus	কার্ব্বো-এনিমেলিস পিউরিফিকেটস	গ্রেণ২০—৬০ গ্রেণ।
Carbo Ligni	কার্ব্বো লিগ্নাই (কাষ্ঠাঙ্গার) ...	গ্রেণ ২০—৬০ গ্রেণ।
Carui Fructus	কারুই ফ্রুক্টস (বিলাতী জিরা) ...	গ্রেণ ১০—৬০ গ্রেণ।
Caryophylum	ক্যারিওফিলম (লবঙ্গ) ...	গ্রেণ ৫—২০ গ্রেণ।
Cascarilla Cortex	ক্যাস্কারিলি কর্টেক্স ...	... গ্রেণ ১০—২০ গ্রেণ।
Castoreum	ক্যাষ্টোরিয়ম ...	... গ্রেণ ৫—১০ গ্রেণ।
Catechu Pallidum	ক্যাটিকিউ প্যালিডম (পাণ্ডু খদির)	গ্রেণ ১০—৩০ গ্রেণ।
Cerevisiæ Fermentum	সেরিবাইসি ফর্ম্মেণ্টম (অভিযব)...	আং ½—১ আং।

Cerii Oxalas	সিরিয়াই অকৃজ্ঞালাস	গ্রেণ ১—২ গ্রেণ।
Chloral Hydras	ক্লোরাল হাইড্রাস	গ্রেণ ৫—৩০ গ্রেণ।
Chlorodyne	ক্লোরোডাইন	মিং ৫—২০ মিনিম।
Chloroform	ক্লোরোফর্ম্ম	মিং ৩—১০ মিং।
Cinchonæ Flavæ Cortex	সিনকোনি ফ্লেভি কর্টেক্স ...	গ্রেণ ১০—৬০ গ্রেণ।
,, Pallidæ Cortex	,, প্যালিডি কর্টেক্স ...	গ্রেণ ১০—৬০ গ্রেণ।
,, Rubræ Cortex	,, রুব্রি কর্টেক্স	গ্রেণ ১০—৬০ গ্রেণ।
Cinchonia	সিঙ্কোনিয়া	গ্রেণ ১—১০ গ্রেণ।
Cinnamomi Cortex	সিনেমোমাই কর্টেক্স(দারুচিনি)...	গ্রেণ ৫—২০ গ্রেণ।
Colchici Cormus	কল্‌চিসাই কর্ম্মস	গ্রেণ ২—৮ গ্রেণ।
Colocynthidis Pulpa	কলসিন্থিডিস পল্পা (ইন্দ্রিবারুণি)	গ্রেণ ২—৮ গ্রেণ।
Confectio opii	কনফেক্‌টিও ওপিয়াই	গ্রেণ ৫—২০ গ্রেণ।
,, Piperis	,, পিপরিস(গোলমরিচের খণ্ড)	গ্রেণ ৬০—১২০ গ্রেণ।
,, Scammonii	,, স্ক্যামোনিয়াই	গ্রেণ ১০—৩০ গ্রেণ।
,, Sennæ	,, সেনি (সোনামুখীর খণ্ড) ...	গ্রেণ ২০—১১০ গ্রেণ।
,, Sulphuris	,, সলফিউরিস (গন্ধকের খণ্ড)	গ্রেণ ৬০—১২০ গ্রেণ।

Confectio Terebinthinæ	কন্‌ফেঃটেরেবিন্থিনি(তার্পিণ তৈলেরখণ্ড)গ্রেণ৬০—১২০গ্রেণ
Conii Folia	কোনিয়াই ফোলিয়া ... ... গ্রেণ ২—৮ গ্রেণ।
Copaiba	কোপেবা ... ... ড্রাম ½—১ ড্রাম।
Coriadri Fructus	কোরিযাণ্ড্রি ফ্রুক্টস (ধনিয়া) ... গ্রেণ ৩০—৬০ গ্রেণ।
Creasotum	ক্রিয়েজোটম ... ... বিন্দু ১—৩ বিন্দু।
Cubeba	কিউবেবা (কাবাবচিনি) ... গ্রেণ ৩০—১২০গ্রেণ।
Cupri Sulphas	কুপ্রা সালফাস (তুতিয়া) ... সংঙ্কোচক ¼—২গ্রেণ।
	বমনকারক গ্রেণ ৫—১০ গ্রেণ।
Cuspariæ Cortex	কস্পেরাই কর্টেক্স ... ... গ্রেণ ১০—৪০ গ্রেণ।
Cusso	কসো ... ... আং ¼—½ আং।
Decoc Aloes compositum	ডিকক্টম এলোজ কম্পোজিটম (মুসব্বারাদি ক্বাথ) আং ½—২ আং।
,, Azadirachtæ	,, আজাডিরেক্টি (নিম্বের ক্বাথ) আং ১—২ আং।
,, Citrariæ	,, সিট্রেরাই ... ... যথেচ্ছা।
,, Cinchonæ Flavæ	,, সিঙ্কোনি ফ্লেভি ... ... আং ১—২ আং।
,, Granati Radicis	,, গ্রানেটাই রেডিসিস ... আং ১—২ আং।

Decoc. Hæmatoxyli	ডিকক্ট হিমেটক্সিলাই ...	... আং ১—২ আং।
,, Hordei	,, হর্ডিয়াই ...	... যথেচ্ছা।
,, Pareiræ	,, পেরিরি ...	... আং ১—২ আং।
,, Quercus	,, কোয়ার্কস ...	... আং ১—২ আং।
,, Sarsæ	,, সার্জি ...	... আং ২—১০ আং।
,, ,, Comp	,, ,, কম্পোজিটম	... আং ২—১০ আং।
,, Scoparii	,, স্কোপেরিয়াই ...	... আং ২—৪ আং।
,, Taraxaci	,, ট্যারেক্সেসাই ..	... আং ২—৪ আং।
,, Ulmi	,, অলমাই ...	... আং ২—৪ আং।
Digitalinum	ডিজিট্যালিনম ...	... গ্রেণ ১/৬০—১/৩০ গ্রেণ।
Digitalis Folia	ডিজিট্যালিস ফোলিয়া	... গ্রেণ ১/২—১১/২ গ্রেণ।
Elaterium	ইলেটিরিয়ম ...	... গ্রেণ ১/১৬—১/২ গ্রেণ।
Ergota	আর্গটা	... গ্রেণ ২০—৩০ গ্রেণ।
Essentia Anisi	এসেন্সিয়া এনিসাই ...	... মিং ১০—২০ মিং।
,, Menth : Piper	,, মেন্থি পিপরিটি ...	... মিং ১০—২০ মিং।
Extractum Aconiti	এক্সট্রেক্টম একোনাইটি ...	... গ্রেণ ১—২ গ্রেণ।

Extr: Aloes Barbaednsis — এক্সট্রাঃ এলোজ বার্বেডেন্সিস ... গ্রেণ ২—৬ গ্রেণ।
,, Socotrinæ — ,, ,, সকট্রাইনি ... গ্রেণ ২—৬ গ্রেণ।
,, Anthimidis — ,, এন্থিমিডিস ... ... গ্রেণ ২—১০ গ্রেণ।
,, Belæ Liquidum — ,, বেলি লিকুইডম (বিল্বের তরল সার) ড্রাং ১—২ ড্রাং।
,, Belladonæ — ,, বেলাডোনি ... ... গ্রেণ ১/৪—১ গ্রেণ।
,, Calumbæ — ,, ক্যালম্বি... ... ... গ্রেণ ২—১০ গ্রেণ।
,, Cannabis Ind — ,, ক্যানাবিস ইণ্ডিসি (গাঁজার সার) গ্রেণ ১/৮—১ গ্রেণ।
,, Cinchon : Flav : Liq — ,, সিঙ্কোনি ফ্লেভি লিকুইডম ... মিং ১০—৩০ মিং।
,, Colchici — ,, কলচিসাই ... ... গ্রেণ ১/২—২ গ্রেণ।
,, ,, Aceticum — ,, ,, এসিটিকম ... ... গ্রেণ ১/২—২ গ্রেণ।
,, Colocynthidis comp. — ,, কলসিন্থিডিস কম্পোজিটম ... গ্রেণ ৩—১০ গ্রেণ।
,, Conii — ,, কোনিয়াই ... ... গ্রেণ ২—৬ গ্রেণ।
,, Ergotæ Liq — এক্সট্রাক্টম আর্গটি লিকুইডম ... মিং ১০—৩০ মিং।
,, Filicis Liquidum — ,, ফিলিসিস লিকুইডম ... মিং ১৫—৩০ মিং।
,, Gentianæ — ,, জেন্সিয়ানি ... ... গ্রেণ ২—১০ গ্রেণ।
